
ব্যবসা শুরুর প্রয়োজনীয় লাইসেন্সসমূহ –একটি নীতিনির্দেশিকা (ষষ্ঠ মুদ্রণ)-এর

সংক্ষিপ্ত সংস্করণ

International Labour Organization

BUILD
dialogue • research • advocacy
Business Initiative Leading Development



প্রকাশক
বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড) ও
আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)

গবেষণা
বিল্ড-এর রিসার্চ, ডায়ালগ, অ্যাডভোকেসি অ্যান্ড কমিউনিকেশন উইং

কপিরাইট©২০২৬ বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড)
সর্বস্বত্ব সংরক্ষিত। বিল্ড-এর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশ কোনোভাবেই বা কোনো উপায়ে– যেমন গ্রাফিক, ইলেকট্রনিক বা যান্ত্রিক (যার মধ্যে ফটোকপি, রেকর্ডিং, টেপিং বা তথ্য সংরক্ষণ ও পুনরুদ্ধার ব্যবস্থা অন্তর্ভুক্ত) পুনরুৎপাদন বা হস্তান্তর করা যাবে না। স্বত্ব, লাইসেন্স এবং আনুষঙ্গিক অধিকার সংক্রান্ত যেকোনো বিষয়ে–যার মধ্যে ফটোকপি বা পুনর্মুদ্রণের অনুমতিও অন্তর্ভুক্ত–অনুগ্রহ করে সম্পূর্ণ তথ্যসহ বিল্ড-এর কাছে অনুরোধ পাঠান।

আইএসবিএন: ৯৭৮-৯৮৪-৩৭-০৬৭০-৬

বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড)
ডিসিসিআই ভবন (১০ তলা)
৬৫-৬৬ মতিঝিল কমার্শিয়াল এরিয়া, ঢাকা-১০০০, বাংলাদেশ
ইমেইল: ceo@buildbd.org, info@buildbd.org
ওয়েবসাইট: www.buildbd.org

ডিসক্লেইমার

৬ষ্ঠ বিজনেস স্টার্ট-আপ লাইসেন্স গাইডবুকের সংক্ষিপ্ত সংস্করণ হিসাবে বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড) এবং আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) যৌথ উদ্যোগে এই **'ব্যবসা শুরুর প্রয়োজনীয় লাইসেন্সসমূহ—একটি নীতিনির্দেশিকা (ষষ্ঠ মুদ্রণ)-এর সংক্ষিপ্ত সংস্করণ'** প্রকাশিত হয়েছে। উদ্যোক্তাদের জন্য, বিশেষ করে নতুন ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য, ব্যবসা শুরুর প্রয়োজনীয় লাইসেন্স, অনুমোদন, সনদপত্র, পারমিট ও ফিস সংক্রান্ত সকল তথ্য এই গাইডবুকটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে যাতে এটি একটি আম্ব্রেলা পাবলিকেশন হিসেবে সকলের কাজে লাগে।

এই গাইডবুকটি আইএলও-এর কারিগরি সহায়তায় বিল্ড কর্তৃক প্রস্তুত করা হয়েছে। এই পণ্যটি বাংলাদেশ ও কানাডায় 'শোভন কাজ' বিষয়ক ইউরোপীয় ইউনিয়ন, ডেনমার্ক, নেদারল্যান্ডস এবং সুইডেনের 'টিম ইউরোপ ইনিশিয়েটিভ'-এর আওতায় অর্থায়নকৃত। এখানে উপস্থাপিত তথ্যাবলি সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার পদস্থ কর্মকর্তা ও প্রতিনিধিদের সাথে সাক্ষাৎকার, সরকারি ওয়েবসাইট এবং অন্যান্য সেকেন্ডারি উৎস থেকে সংগ্রহ করা হয়েছে। যদিও গৃহীত উৎস অনুযায়ী অধিকাংশ তথ্যই নির্ভরযোগ্য, তবে ব্যাখ্যার ভিন্নতা, পর্যায়ক্রমিক নীতিগত পরিবর্তন বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক তথ্য-উপাত্ত হালনাগাদের কারণে তথ্যে কিছুটা পার্থক্য তৈরি হতে পারে।

বিল্ড ও আইএলও প্রকাশনাটি নির্ভুল ও নির্ভরযোগ্য করতে সর্বোচ্চ প্রচেষ্টা ও পেশাদারিত্ব বজায় রাখার চেষ্টা করেছে। তবে এটিকে কোনো আইনি দলিল হিসেবে গ্রহণ করা যাবে না। এই প্রকাশনার নির্ভুলতা যাচাইকরণে এবং সামগ্রিকভাবে এর প্রস্তুতকরণে শিল্প মন্ত্রণালয় সর্বাত্মক সহায়তা প্রদান করেছে।

বিস্তারিত তথ্যের জন্য এবং লাইসেন্স সংক্রান্ত সর্বশেষ ও সুনির্দিষ্ট তথ্য জানতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ওয়েবসাইট ভিজিট করার পরামর্শ দেওয়া হচ্ছে। এই গাইডবুকের সর্বত্র প্রতিটি সংশ্লিষ্ট ওয়েবসাইটের লিঙ্ক প্রদান করা হয়েছে।

সূচিপত্র

বিল্ড চেয়ারপারসনের বার্তা ৫
আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-এর কান্ট্রি ডিরেক্টরের বার্তা ৬
বিল্ডের প্রধান নির্বাহী কর্মকর্তার (সিইও) বার্তা ৭
ব্যবসা শুরুর প্রয়োজনীয় লাইসেন্সসমূহ-একটি নীতিনির্দেশিকা (ষষ্ঠ মুদ্রণ)-এর সংক্ষিপ্ত সংস্করণ সম্পর্কে ৮
বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড) সম্পর্কে ১০
আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) সম্পর্কে ১১
সংক্ষিপ্ত সংস্করণের গুরুত্বপূর্ণ বিষয়াবলি ১২
শব্দসংক্ষেপ ১৩
নির্দেশিকায় ব্যবহৃত প্রধান পরিভাষাসমূহ ১৫
বিভিন্ন সংস্থা কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সের ম্যাট্রিক্স ১৬
গুরুত্বপূর্ণ লিঙ্ক ১৮
লাইসেন্স সম্পর্কে ধারণালাভ ১৯
সিদ্ধান্ত - বিজনেস ট্রি ২০
বাংলাদেশে ব্যবসা শুরু (ট্রেডিং, উৎপাদন ও সেবা খাত)- প্রয়োজনীয় ২৩টি লাইসেন্স ২২

বেসিক

১। করদাতা শনাক্তকরণ নম্বর (টিআইএন) ২৪
২। ট্রেড লাইসেন্স ২৬
৩। ব্যবসায় শনাক্তকরণ সংখ্যা (বিআইএন)/ ভ্যাট নিবন্ধন ২৯
৪। বাংলাদেশে ব্যবসার জন্য ব্যাংক অ্যাকাউন্ট খোলা ৩১

উদপাতন

৫। নামের ছাড়পত্র সনদ ৩৩
৬। কোম্পানি নিবন্ধন (প্রাইভেট ও পাবলিক) ৩৫
৭। শিল্প প্রকল্পের নিবন্ধন (যৌথ উদ্যোগ এবং ১০০% বিদেশি মালিকানাধীন) ৩৯
৮। কারখানা/প্রতিষ্ঠান/দোকানের লাইসেন্স ৪২
৯। প্ল্যান্ট নির্মাণ অনুমোদন (রাজউক) ৪৫
১০। শিল্প আমদানি নিবন্ধন সনদের (অ্যাড-হক) জন্য সুপারিশপত্র ৪৭
১১। শিল্প আমদানি নিবন্ধন সনদ (অ্যাড-হক) ৫০
১২। সার্টিফিকেশন মার্ক (সিএম) সনদ ৫১
১৩। ফায়ার লাইসেন্স ৫৬
১৪। গ্যাস সংযোগ ৫৮
১৫। পানি সংযোগের অনুমোদন - বাণিজ্যিক বা শিল্প খাত ৬২
১৬। বিদ্যুৎ সংযোগ অনুমোদন ৬৫
১৭। পরিবেশগত ছাড়পত্র ৬৮

ট্রেডিং

১৮। চেম্বার সদস্যপদ সনদ ৭১
১৯। আমদানি নিবন্ধন সনদ ৭৪
২০। রপ্তানি নিবন্ধন সনদ (ইআরসি) ৭৬

সেবা

২১। ডিজিটাল বিজনেস আইডেন্টিফিকেশন সনদ / ইউবিআইডি ৭৯
২২। পার্সোনাল রিটেল অ্যাকাউন্ট (পিআরএ) ৮১
২৩। আইটি-এনাবল্ড সার্ভিস (আইটিইএস) রেজিস্ট্রেশন ও লাইসেন্সিং ৮৩

প্রাসঙ্গিক নীতিমালার সারসংক্ষেপ

১। শিল্পনীতি ২০২২: সারসংক্ষেপ ৮৫
২। রপ্তানি নীতিমালা ২০২৪-২৭: সারসংক্ষেপ এবং লাইট ইঞ্জিনিয়ারিং খাতের জন্য উদ্যোগ ৮৮
৩. আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪: সারাংশ ৯১
৪। কারখানা আইন, ১৯৬৫ (বাংলাদেশ): সংক্ষিপ্ত পর্যালোচনা ৯৩
৫। আয়কর আইন ২০২৩: সারসংক্ষেপ ৯৪
৬। আয়কর আইন ২০২৩-এ ট্যাক্স হলিডে: সারসংক্ষেপ (বাংলা সংস্করণ) ৯৬

পরিশিষ্ট

পরিশিষ্ট ১: প্রসেস ম্যাপের প্রতীকের ব্যাখ্যা ৯৯
পরিশিষ্ট ২: সুপারিশমালা ও মন্তব্য ফরম ১০০

বার্তা

BUILD
dialogue • research • advocacy
Business Initiative Leading Development

বিল্ড চেয়ারপারসনের বার্তা

আমি অত্যন্ত আনন্দিত যে "ব্যবসা শুরুর প্রয়োজনীয় লাইসেন্সসমূহ—একটি নীতিনির্দেশিকা (ষষ্ঠ মুদ্রণ)-এর সংক্ষিপ্ত সংস্করণ" প্রকাশ করতে পেরেছি। এটি এমন একটি সংক্ষিপ্ত কিন্তু পূর্ণাঙ্গ নির্দেশিকা যা বাংলাদেশে উদ্যোক্তাদের ব্যবসা শুরু, পরিচালনা এবং সম্প্রসারণের ক্ষেত্রে প্রয়োজনীয় রেগুলেটরি কাঠামো বুঝতে সহায়তা করবে।

এই নির্দেশিকায় ব্যবসা পরিচালনার জন্য প্রয়োজনীয় লাইসেন্স, অনুমোদন এবং অনুমতিসমূহ, সংশ্লিষ্ট সরকারি সংস্থা, সম্ভাব্য সময়কাল এবং আনুমানিক ব্যয় সুচারুভাবে তুলে ধরা হয়েছে।

একাধিক ও জটিল নিয়ন্ত্রণ ব্যবস্থার কারণে উদ্যোক্তারা যে ব্যবসায়িক চ্যালেঞ্জগুলোর সম্মুখীন হন, তা বিবেচনায় নিয়ে এই সংস্করণটিকে একটি একীভূত তথ্যসূত্র হিসেবে তৈরি করা হয়েছে। এতে বিস্তারিত প্রক্রিয়াচিত্র (প্রসেস ম্যাপ) ও ব্যবহারিক দিকনির্দেশনা সংযোজন করা হয়েছে, যাতে উদ্যোক্তারা বিলম্ব এড়িয়ে ও খরচ কমিয়ে দ্রুততার সঙ্গে ব্যবসায়িক কর্মকাণ্ড সম্পন্ন করতে পারেন। এর মাধ্যমে বাংলাদেশে ব্যবসা সহজীকরণের প্রক্রিয়া আরও গতিশীল হবে।

আমাদের প্রত্যাশা, এই নির্দেশিকাটি দেশীয় ও বিদেশি বিনিয়োগকারীদের জন্য একটি কার্যকর রেফারেন্স হিসেবে কাজ করবে এবং বাংলাদেশের জন্য আরও অনুকূল ব্যবসায়িক পরিবেশ গড়ে তুলতে সহায়তা করবে। বিল্ড পাবলিক-প্রাইভেট সংলাপ ও রেগুলেটরি সংস্কারে প্রতিশ্রুতিবদ্ধ। রেগুলেটরি সংস্কার নিশ্চিত করতে বিল্ড আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) সহ অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থা ও অংশীজনদের সঙ্গে নিবিড়ভাবে কাজ করে যাচ্ছে, যা আমাদেরকে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিত করতে সহায়তা করছে।

এই সংস্করণটির প্রকাশে যাঁরা গবেষণা ও অন্যান্য কাজে সহযোগিতা করেছেন, তাঁদের প্রতি আমি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি।

আবুল কাসেম খান
চেয়ারপারসন
বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড)

আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-এর কান্ট্রি ডিরেক্টরের বার্তা

বাংলাদেশের জন্য প্রস্তুতকৃত 'ব্যবসা শুরুর প্রয়োজনীয় লাইসেন্সসমূহ—একটি নীতিনির্দেশিকা (ষষ্ঠ মুদ্রণ)-এর সংক্ষিপ্ত সংস্করণ' আপনাদের হাতে তুলে দিতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। এই নির্দেশিকাটি আইএলও-এর কারিগরি সহায়তায় বিল্ড কর্তৃক প্রস্তুত করা হয়েছে । বাংলাদেশের উদ্যোক্তাদের জন্য প্রয়োজনীয় লাইসেন্স ও অন্যান্য নথিপত্রের আবেদন ও গ্রহণ প্রক্রিয়াকে আরও সহজতর ও স্পষ্ট করার উদ্দেশ্য এ প্রকাশনাটি প্রস্তুত করা হয়েছে। জটিল রেগুলেটরি বিষয়াবলিকে এখানে ধাপে ধাপে বোধগম্যভাবে ব্যাখ্যা করা হয়েছে, যাতে কুটির, ক্ষুদ্র, ছোট ও মাঝারি (সিএমএসএমই) উদ্যোক্তারা আত্মবিশ্বাসের সঙ্গে ব্যবসা শুরু, পরিচালনা ও সম্প্রসারণ করতে পারেন। তথ্যপ্রাপ্তি সহজ করার মাধ্যমে এই নির্দেশিকাটি উদ্যোক্তাদের আনুষ্ঠানিক খাতে অন্তর্ভুক্ত হওয়ার পথকে আরও সহজ ও বাস্তবসম্মত করেছে।

এই প্রকাশনাটি বাংলাদেশের সামগ্রিক ব্যবসায় পরিবেশ উন্নয়নের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এটি উদ্যোক্তাদের লাইসেন্স সংক্রান্ত নির্ভরযোগ্য তথ্যপ্রাপ্তির সুযোগ সৃষ্টি করবে, যার ফলে তারা সময়সাপেক্ষ জটিলতা থেকে মুক্ত হয়ে উৎপাদনশীল ও অধিকতর গুরুত্বপূর্ণ কাজে মনোযোগ দিতে পারবেন। একই সঙ্গে, এই নির্দেশিকাটি প্রস্তুতের প্রক্রিয়াই প্রমাণ করেছে যে বাংলাদেশের লাইসেন্স প্রদান পদ্ধতিগুলো আরও সহজতর ও মানসম্মত করা সম্ভব। প্রক্রিয়ার সরলীকরণ, ফি কাঠামোর সামঞ্জস্য, উন্নত সমন্বয়, এবং একীভূত ডিজিটাল সেবা প্ল্যাটফর্মের বিকাশ ভবিষ্যতে ব্যবসা শুরু ও সম্প্রসারণকে আরও সহজ করে তুলবে। এই প্রচেষ্টা ত্বরান্বিত করতে আইএলও বাংলাদেশ সরকার, ব্যবসায়ী সংগঠন ও শ্রমিক সংগঠনের সঙ্গে নিবিড়ভাবে কাজ করতে আগ্রহী, যাতে ব্যবসা, শ্রমিক ও সামগ্রিক অর্থনীতি উপকৃত হয়।

আইএলওর মৌলিক লক্ষ্য—"শোভন কাজ ও সামাজিক ন্যায় প্রতিষ্ঠা"—এই প্রকাশনার উদ্দেশ্যের সঙ্গে সরাসরি সম্পর্কিত। এই নির্দেশিকাটি বিশেষভাবে আইএলও-এর 'রেকমেন্ডেশন ২০৪' (অনানুষ্ঠানিক খাত থেকে আনুষ্ঠানিক খাতে রূপান্তর), টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ৮ (SDG 8) (শোভন কাজ ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি) অর্জনে অবদান রাখবে এবং বাংলাদেশের চলমান সিঙ্গেল উইন্ডো ও ডিজিটাল সেবা প্ল্যাটফর্ম উন্নয়ন কার্যক্রমকে সহায়তা করবে।

আইএলও-এর বাংলাদেশে কান্ট্রি অফিসের পক্ষ থেকে আমি এই প্রকাশনার সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও সহযোগীদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এবং ভবিষ্যতে একসঙ্গে কাজ করার প্রত্যাশা রাখছি— যাতে ব্যবসা শুরু, পরিচালনা ও সম্প্রসারণ আরও সহজ হয়, অধিক সংখ্যক প্রতিষ্ঠান আনুষ্ঠানিক খাতে প্রবেশ করতে পারে এবং সবার জন্য শোভন কাজ সৃষ্টি হয়।

ম্যাক্স তুনিয়ন
কান্ট্রি ডিরেক্টর
আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) বাংলাদেশ অফিস
ঢাকা, বাংলাদেশ

BUILD
dialogue • research • advocacy
Business Initiative Leading Development

বিল্ডের প্রধান নির্বাহী কর্মকর্তার (সিইও) বার্তা

আমরা অত্যন্ত গর্বিত যে বিল্ড "ব্যবসা শুরুর প্রয়োজনীয় লাইসেন্সসমূহ—একটি নীতিনির্দেশিকা (ষষ্ঠ মুদ্রণ)-এর সংক্ষিপ্ত সংস্করণ" আপনাদের হাতে তুলে দিতে পারছে। এই নির্দেশিকাটি উদ্যোক্তাদের বাংলাদেশের রেগুলেটরি কাঠামোর মধ্য দিয়ে স্পষ্টভাবে অগ্রসর হতে সহায়তা করার জন্য তৈরি একটি ব্যবহারিক সহায়িকা। এতে ব্যবসা শুরু ও পরিচালনার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ লাইসেন্স, অনুমোদন এবং পারমিটসমূহ সংক্ষিপ্ত আকারে তুলে ধরা হয়েছে, যা বিনিয়োগকারীদের জন্য একটি নির্ভরযোগ্য ও সহজলভ্য তথ্যসূত্র হিসেবে কাজ করবে।

গবেষণা, পরামর্শ ও সংশ্লিষ্ট সরকারি সংস্থাগুলোর সাথে যাচাইকরণের মাধ্যমে প্রণীত এই নির্দেশিকাটিতে বিভিন্ন খাতের গুরুত্বপূর্ণ রেগুলেটরি বিষয়াবলি তুলে ধরা হয়েছে, যার মধ্যে ই-কমার্স ও নবায়নযোগ্য জ্বালানির মতো উদীয়মান খাতগুলিও অন্তর্ভুক্ত রয়েছে। এই সংস্করণে মূল বইয়ের গুরুত্বপূর্ণ দিকগুলো— বিভিন্ন ধাপ, সম্ভাব্য খরচ ও সময়সীমা— যথাযথভাবে বজায় রাখা হয়েছে। তবে এখানে বিষয়গুলোকে সংক্ষিপ্ত, সহজপাঠ্য ও ব্যবহারবান্ধব করা হয়েছে।

আমি আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি সরকারি ও বেসরকারি খাতের অংশীজনদের, যাঁরা এই কাজের জন্য মূল্যবান অবদান রেখেছেন, এবং বিল্ডের নিবেদিতপ্রাণ দলকে, যাঁদের প্রচেষ্টা এই প্রকাশনাটি সম্ভব করেছে।

আমাদের আশা, এই নির্দেশিকাটি উদ্যোক্তাদের জন্য রেগুলেটরি প্রতিবন্ধকতা দূর করতে, নিয়ন্ত্রণ সংশ্লিষ্ট অনুশাসনকে আরও শক্তিশালী করতে এবং বাংলাদেশের ব্যবসায় পরিবেশকে আরও প্রতিযোগিতামূলক করতে সহায়ক হবে।

ফেরদৌস আরা বেগম
প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও)
বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড)

ব্যবসা শুরুর প্রয়োজনীয় লাইসেন্সসমূহ — একটি নীতিনির্দেশিকা (ষষ্ঠ মুদ্রণ)-এর সংক্ষিপ্ত সংস্করণ সম্পর্কে

এই নির্দেশিকাটি বাংলাদেশের নতুন, সম্ভাবনাময় এবং অভিজ্ঞ উদ্যোক্তাদের জন্য প্রস্তুত করা হয়েছে যাঁরা তাঁদের ব্যবসার জন্য প্রয়োজনীয় লাইসেন্স, পারমিট, অনুমোদন, সনদ ইত্যাদি সংগ্রহ করতে আগ্রহী। বিশেষত ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য এটি অত্যন্ত কার্যকর, কারণ তাঁদের পক্ষে উচ্চ পর্যায়ের প্রশাসনিক কাঠামোয় সরাসরি যোগাযোগ করা প্রায়ই কঠিন হয়ে পড়ে।

নির্দেশিকার উদ্দেশ্য

এই নির্দেশিকাটির লক্ষ্য হলো উদ্যোক্তাদেরকে বাংলা ও ইংরেজি দুই ভাষায় ধাপে ধাপে নির্দেশনা প্রদান করা, যেমন:

কার সাথে যোগাযোগ করবেন:
আবেদন প্রস্তুতির প্রাথমিক তথ্য কোথা থেকে ও কার কাছ থেকে সংগ্রহ করবেন।

কীভাবে প্রস্তুত করবেন:
আবেদন করার জন্য প্রয়োজনীয় সহায়ক নথিপত্র কীভাবে সংগ্রহ করবেন ও সাজাবেন।

কখন:
আবেদন প্রক্রিয়ার সাথে সম্পর্কিত ফি কখন ও কীভাবে পরিশোধ করবেন।

কোথায়:
আবেদন কোথায় জমা দিতে হবে।

কীভাবে নবায়ন করবেন:
লাইসেন্স বা পারমিটের পরবর্তী নবায়নের জন্য কীভাবে আবেদন করবেন।

নির্দেশিকার কাঠামো ও ব্যবহার

এই নির্দেশিকাটি উদ্যোক্তাদেরকে পুরো লাইসেন্স প্রাপ্তির প্রক্রিয়া বুঝতে সাহায্য করবে। এতে ব্যবসার তিনটি মূল খাত—ট্রেডিং, উৎপাদন ও সেবা-এর অধীনে প্রয়োজনীয় ধাপগুলো স্পষ্টভাবে বর্ণনা হয়েছে।

প্রতিটি লাইসেন্সের জন্য একটি "প্রক্রিয়াচিত্র" সংযুক্ত করা হয়েছে, যা আবেদনকারী ও প্রদানকারী সংস্থার মধ্যে পারস্পরিক যোগাযোগের ধাপগুলোকে দৃশ্যমানভাবে উপস্থাপন করেছে। এর মাধ্যমে উদ্যোক্তারা সহজেই বুঝতে পারবেন কোন ধাপে তাঁরা কি ধরনের উদ্যোগ নিয়ে প্রক্রিয়াকে দ্রুততর করতে পারেন। এছাড়া, প্রয়োজনীয় নথিপত্র হালনাগাদ রাখা ও জমা দেওয়ার মাধ্যমে আবেদন প্রত্যাখ্যান এড়ানোর বাস্তব পরামর্শও এতে রয়েছে।

তবে এটিও মনে রাখা জরুরি যে লাইসেন্স প্রদানের প্রক্রিয়াকে দ্রুততর করার কোনো কঠোর বা একক নিয়ম নেই এবং বিভিন্ন সংস্থা বা লাইসেন্সের প্রকৃতির ওপর ভিত্তি করে পার্থক্য থাকতে পারে।

চ্যালেঞ্জ ও সমাধান

প্রতিটি লাইসেন্স, পারমিট বা অনুমোদনের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন প্রশাসনিক চ্যালেঞ্জ ও বাস্তব সমস্যা বিদ্যমান। এই চ্যালেঞ্জগুলো সঠিকভাবে চিহ্নিত ও নিরসন করাই মূল কাজ। এই প্রেক্ষাপটে, নির্দেশিকাটি একটি "ওয়ান-স্টপ তথ্যসূত্র" হিসেবে কাজ করবে এবং উদ্যোক্তাদের জন্য কিছু প্রয়োগযোগ্য পরামর্শ প্রদান করবে যা তাঁদের বাস্তব চ্যালেঞ্জ মোকাবেলায় সহায়ক হবে।

প্রস্তুতির পেছনের উদ্যোগ

উদ্যোক্তাদের বিপুল সাড়া পাওয়ার পর, বিল্ড এবং আইএলও যৌথভাবে গবেষণা পরিচালনা করে এই ষষ্ঠ মুদ্রণের সংক্ষিপ্ত সংস্করণটি প্রস্তুত করেছে। উদ্যোক্তারা বাংলাদেশের অর্থনীতির প্রধান চালিকাশক্তি—এই উপলব্ধি থেকেই এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

সংক্ষিপ্ত সংস্করণের প্রধান বৈশিষ্ট্যসমূহ

- ২৩টি লাইসেন্স ও তাদের নবায়ন প্রক্রিয়া অন্তর্ভুক্ত করা হয়েছে।
- এই সংস্করণে ব্যবসা শুরু করার জন্য প্রয়োজনীয় প্রাথমিক লাইসেন্সগুলোর ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।
- লাইসেন্সগুলো এমনভাবে নির্বাচন করা হয়েছে যাতে যে কোনো উদ্যোক্তা–ব্যবসার ধরন নির্বিশেষে–এর সুবিধা নিতে পারেন।
- অধিকতর প্রচার ও সহজে অনুধাবনের জন্য নির্দেশিকাটি বাংলা ভাষায় প্রকাশ করা হয়েছে এবং এর একটি ডিজিটাল সংস্করণও অনলাইনে উন্মুক্ত থাকবে।
- এই প্রকাশনার সফট কপি বিল্ড ও আইএলও-এর ওয়েবসাইটের পাশাপাশি এসএমই ফাউন্ডেশনের বিডিএস পোর্টালেও পাওয়া যাবে।

আমরা বিশ্বাস করি, এই সংক্ষিপ্ত নির্দেশিকাটি উদ্যোক্তাদের ব্যবসা আনুষ্ঠানিক খাতে রূপান্তরিত করতে উৎসাহিত করবে এবং সরকার ঘোষিত নীতিগত সহায়তার সুবিধা গ্রহণের মাধ্যমে তাঁরা দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে আরও গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারবেন।

বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড) সম্পর্কে

বিল্ড বাংলাদেশের বেসরকারি খাতের প্রতিনিধিদের একটি সম্মিলিত প্রয়াস। এটি বেসরকারি ও সরকারি খাতের মধ্যে একটি কার্যকর সেতুবন্ধন তৈরির মাধ্যমে যোগাযোগ, সমন্বয় ও সহযোগিতা বৃদ্ধি করে বিনিয়োগবান্ধব সংস্কার বাস্তবায়নে সহায়তা করে।

বিল্ড ট্রাস্টস অ্যাক্ট অনুযায়ী নিবন্ধিত। এটি ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) ও চিটাগং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিসিসিআই)-এর যৌথ উদ্যোগে গঠিত। বিল্ড বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা ও বিশ্ববিদ্যালয়ের সঙ্গে গবেষণা কার্যক্রম পরিচালনায় সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে এবং নিবিড়ভাবে কাজ করছে।

বিল্ড দেশের শীর্ষস্থানীয় অর্থনীতি ও বেসরকারি খাত উন্নয়ন বিশেষজ্ঞদের সঙ্গে কাজ করে, যাঁদের মাধ্যমে হালনাগাদ ও প্রাসঙ্গিক তথ্য, বিশ্লেষণ ও নীতি-সংক্রান্ত তথ্য-উপাত্ত প্রাপ্ত হয়। এর মাধ্যমে এটি থিংক ট্যাঙ্ক, একাডেমিক প্রতিষ্ঠান, চেম্বার ও বিশেষজ্ঞদের সঙ্গে শক্তিশালী অংশীদারিত্ব গড়ে তুলতে সহায়তা করে।

একটি প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় বিল্ড সরকারের কাছে বেসরকারি খাতের পক্ষ থেকে সংস্কারমূলক সুপারিশ উপস্থাপন করে। এসব সুপারিশ তথ্যভিত্তিক গবেষণা ও বিশ্লেষণের মাধ্যমে প্রাপ্ত, যার লক্ষ্য হচ্ছে বাস্তবসম্মত ও ব্যবসাবান্ধব নীতিমালা গঠন।

প্রতিষ্ঠার প্রাথমিক পর্যায়ে বিল্ড বিশ্বব্যাংক গ্রুপের ইন্টারন্যাশনাল ফাইন্যান্স করপোরেশন (আইএফসি) কর্তৃক পরিচালিত বাংলাদেশ ইনভেস্টমেন্ট ক্লাইমেট ফান্ড (বিআইসিএফ) থেকে কারিগরি সহায়তা পেয়েছিল, যা যুক্তরাজ্য সরকার ও ইউরোপীয় ইউনিয়নের সহায়তায় পরিচালিত ছিল। বর্তমানে এটি একটি স্বাধীন প্রতিষ্ঠান হিসেবে একটি ট্রাস্টি বোর্ডের তত্ত্বাবধানে কার্যক্রম পরিচালনা করছে।

বিল্ড কীভাবে আপনাকে সহায়তা করতে পারে

বিল্ড বেসরকারি খাতের সংশ্লিষ্ট নীতি বিশ্লেষণ, ব্যবসায়িক তথ্য প্রদান ও বিভিন্ন খাতভিত্তিক ব্যবসার উন্নয়নে কাজ করে।

- বিল্ড বেসরকারি খাতকে থিংক ট্যাঙ্ক, একাডেমিক, চেম্বার ও উন্নয়ন বিশেষজ্ঞদের সঙ্গে যৌথভাবে কাজ করতে সহায়তা করতে পারে, যার মাধ্যমে ব্যবসায় সংস্কার ত্বরান্বিত হয়।
- বিল্ড উদ্যোক্তাবান্ধব সংস্কারের পক্ষে নীতি-পর্যায়ে কাজ করে, যার মাধ্যমে ব্যবসা পরিচালনার পরিবেশ আরও সহজ ও ব্যয়সাশ্রয়ী হয়।
- বিল্ড বেসরকারি খাতকে সংস্কার প্রক্রিয়ায় অংশগ্রহণের সুযোগ দেয়, যার সুফল পরবর্তীতে মনিটরিং ও মূল্যায়নের মাধ্যমে পরিমাপ করা যায়।
- বিল্ড ব্যবসায়িক প্রক্রিয়া বিশ্লেষণ করে বিজনেস প্রসেস রি-ইঞ্জিনিয়ারিং (বিপিআর) এর মাধ্যমে পরিবর্তনের পরামর্শ প্রদান করে।
- বিল্ড বেসরকারি খাতের উত্থাপিত সমস্যাগুলো নীতি সংস্কারের মাধ্যমে সমাধান করার চেষ্টা করে, যাতে সরকারের অতিরিক্ত ব্যয় না হয়।

বিল্ড আন্তর্জাতিক সংস্থা ও উন্নয়ন সহযোগীদের সঙ্গে যৌথভাবে গবেষণা, জরিপ ও প্রকল্প কার্যক্রম পরিচালনা করে, যাতে বেসরকারি খাত পরিবর্তনশীল বৈশ্বিক বাজারে প্রতিযোগিতামূলক হতে পারে।

আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) সম্পর্কে

আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) ১৯৭২ সাল থেকে বাংলাদেশে কার্যক্রম পরিচালনা করছে। এর মূল লক্ষ্য হলো শোভন কাজ ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা করা, যা কর্মসংস্থান সৃষ্টি, উন্নত কর্মপরিবেশ, সামাজিক সুরক্ষা ও সামাজিক সংলাপের মাধ্যমে অর্জিত হয়। বাংলাদেশে শ্রমবাজার পরিচালনা জোরদার করা, নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করা, কর্মসংস্থান ও দক্ষতা বৃদ্ধি করা, এবং শ্রম অভিবাসন পরিচালনা উন্নত করার লক্ষ্যে আইএলও সরকার, ব্যবসায়ী ও শ্রমিক সংগঠনের সঙ্গে কাজ করছে।

আইএলও কীভাবে কাজ করে

আইএলও একটি ত্রিপক্ষীয় (Tripartite) পদ্ধতি অনুসরণ করে–যেখানে সরকার, নিয়োগকর্তা ও শ্রমিক সংগঠন একসঙ্গে নীতিমালা ও কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করে।

বাংলাদেশে আইএলও-র কার্যক্রম "ডিসেন্ট ওয়ার্ক কান্ট্রি প্রোগ্রাম (DWCP) ২০২২-২০২৬" দ্বারা পরিচালিত হয়, যা সামাজিক সংলাপ ও অংশীদারদের সহযোগিতায় জাতীয় অগ্রাধিকার নির্ধারণ করে।

আইএলও নীতি পরামর্শ, কারিগরি সহায়তা, প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে শ্রম পরিচালনা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করে। এর অনেক উদ্যোগ জাতীয় সংস্থা ও উন্নয়ন সহযোগীদের সঙ্গে অংশীদারিত্বে বাস্তবায়িত হয়, যেমন ইউরোপীয় ইউনিয়ন, এসএমই ফাউন্ডেশন ইত্যাদি।

সাম্প্রতিক কর্মকাণ্ড: অনানুষ্ঠানিক খাতের আনুষ্ঠানিকীকরণ

বাংলাদেশের মোট কর্মসংস্থানের প্রায় ৮৪% অনানুষ্ঠানিক খাতে (শ্রমশক্তি জরিপ, ২০২৪)। তাই আইএলও আনুষ্ঠানিকীকরণকে একটি জাতীয় অগ্রাধিকার হিসেবে গ্রহণ করেছে। আনুষ্ঠানিকীকরণ উদ্যোক্তাদের জন্য বাজার, অর্থায়ন ও সামাজিক সুরক্ষায় প্রবেশাধিকার নিশ্চিত করে, যা উৎপাদনশীলতা, ব্যবসায়িক স্থিতিশীলতা ও ন্যায্য প্রতিযোগিতা বাড়ায়।

আইএলও সরকার, শ্রমিক ও নিয়োগকর্তা সংগঠন এবং অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে যে বিষয়গুলো নিয়ে কাজ তার মধ্যে রয়েছে: আনুষ্ঠানিকীকরণের বাধাসমূহ চিহ্নিত করা, নিবন্ধন ও অনুশাসন প্রক্রিয়া সহজ করা, এবং অনানুষ্ঠানিক অর্থনীতিতে শোভন কাজের প্রসার ঘটানো। নির্দিষ্ট কিছু খাতে আইএলও পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য (ওএসএইচ) সুরক্ষা সম্প্রসারণ এবং ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোক্তাদের জন্য টেকসই সমৃদ্ধি সহায়ক পরিবেশ তৈরিতেও কাজ করছে।

আনুষ্ঠানিকীকরণ কেন গুরুত্বপূর্ণ

আনুষ্ঠানিকীকরণ ছোট উদ্যোক্তা ও শ্রমিকদের আইনি স্বীকৃতি, সামাজিক সুরক্ষা ও অর্থায়নের সুযোগ প্রদান করে। এর ফলে উৎপাদনশীলতা বৃদ্ধি, উন্নত কর্মপরিবেশ এবং অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিত হয়। আইএলও-এর এই অব্যাহত প্রচেষ্টা বাংলাদেশকে একটি ন্যায্য, স্থিতিশীল ও টেকসই শ্রমবাজার-এর পথে এগিয়ে নিয়ে যাচ্ছে, যা 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ৮ (এসডিজি ৮): শোভন কাজ ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি' অর্জনের সঙ্গে সরাসরি সম্পর্কিত।

সংক্ষিপ্ত সংস্করণের গুরুত্বপূর্ণ বিষয়াবলি

১. **সহজে ব্যবসায়িক লাইসেন্স সংক্রান্ত তথ্য প্রাপ্তি**

- বাংলাদেশে ব্যবসা শুরু ও পরিচালনার জন্য প্রয়োজনীয় লাইসেন্স, অনুমতি ও ছাড়পত্রের সংক্ষিপ্ত কিন্তু পূর্ণাঙ্গ ধারণা প্রদান।
- অনানুষ্ঠানিক খাত থেকে আনুষ্ঠানিক খাতে আসতে আগ্রহী উদ্যোক্তাদের জন্য গুরুত্বপূর্ণ রেগুলেটরি ধাপগুলো সহজভাবে উপস্থাপন করা।

২. **প্রক্রিয়াচিত্র**

- লাইসেন্স পেতে প্রয়োজনীয় ধাপগুলো ক্রমানুসারে উপস্থাপন যেমন আবেদন প্রক্রিয়া, প্রয়োজনীয় কাগজপত্র, জমাদানের মাধ্যম ইত্যাদি।
- পরিকল্পনা সহজ করা ও বিলম্ব কমাতে সম্ভাব্য সময়সীমা ও ব্যয়ও উল্লেখ করা আছে।

৩. **ডিজিটাল ও মুদ্রিত সংস্করণ**

- এই প্রকাশনা ই-বুক ও মুদ্রিত উভয় ফরম্যাটে পাওয়া যাবে, যাতে আরও বেশি ব্যবহারকারী সুবিধা পেতে পারেন।

৪. **ব্যবহারবান্ধব নকশা**

- সহজবোধ্য ভিজ্যুয়াল, চেকলিস্ট এবং দ্রুত রেফারেন্সের জন্য টেবিল অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ব্যবসায়ীরা যেন সাধারণ ভুল এড়িয়ে দ্রুত নিয়ম পালনে সক্ষম হন, সে লক্ষ্যেই এটি তৈরি।

এই সংক্ষিপ্ত সংস্করণটি উদ্যোক্তা, বিনিয়োগকারী ও নীতিনির্ধারকদের জন্য একটি কার্যকর টুলকিট, যা বাংলাদেশের আরও অন্তর্ভুক্তিমূলক, স্বচ্ছ এবং আনুষ্ঠানিক ব্যবসায়িক পরিবেশ গড়ে তোলার লক্ষ্যকে সহায়তা করবে।

শব্দসংক্ষেপ

সংক্ষিপ্ত রূপ	পূর্ণ রূপ
এএও	সহকারী প্রশাসনিক কর্মকর্তা
এসিটি	সহকারী কর কমিশনার
এওএ	সংঘস্মারক (Articles of Association)
এও	মূল্যায়ন কর্মকর্তা
এআর	সহকারী রেজিস্ট্রার
বিডিটি	বাংলাদেশি টাকা
বার্ক	বাংলাদেশ জ্বালানি নিয়ন্ত্রণ কমিশন
বিআইএএ	বাংলাদেশ ইনডেন্টিং এজেন্টস অ্যাসোসিয়েশন
বিবি	বাংলাদেশ ব্যাংক
বিল্ড	বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট
বোর্ড	পরিচালনা পর্ষদ
বিপিও	বিজনেস প্রসেস আউটসোর্সিং
বিডিএস	ব্যবসায় উন্নয়ন সেবা
বিআরপিডি	ব্যাংকিং নিয়ন্ত্রণ ও নীতি বিভাগ
বিআরটিএ	বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
বিসিক	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন
বিএসটিআই	বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন
সিবিসি	কাস্টমস বন্ড কমিশনারেট
সিসিআই অ্যান্ড ই	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
সিডি	কমপ্যাক্ট ডিস্ক
সিডিএ	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ
সিইও	প্রধান নির্বাহী কর্মকর্তা
সিআইবি	ক্রেডিট ইনফরমেশন ব্যুরো
সিও	উৎপত্তি সনদ
সিএম	সার্টিফিকেশন মার্ক
ডিসি	জেলা প্রশাসক
ডিবিআইডি	ডিজিটাল ব্যবসা পরিচয়পত্র
ডিসিসিআই	ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি
ডিসিটি	উপ-কর কমিশনার
ডেসকো	ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি
ডাইফে	কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
ডিআইজি	উপ-মহাপরিদর্শক
ডিএমপি	ঢাকা মহানগর পুলিশ
ডিএনসিসি	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ডিওই	পরিবেশ অধিদপ্তর
ডিআর	উপ-রেজিস্ট্রার
ডিএসসিসি	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ঢাকা ওয়াসা	ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
ইসিসি	পরিবেশ ছাড়পত্র
ইসিআর	পরিবেশ সংরক্ষণ বিধিমালা

সংক্ষিপ্ত রূপ	পূর্ণ রূপ
ইআইএ	পরিবেশগত প্রভাব মূল্যায়ন
ইআরসি	রপ্তানি নিবন্ধন সনদ
ইএস	এন্টারপ্রাইজ সেকশন
এফএসসিডি	অগ্নি সেবা ও সিভিল ডিফেন্স
জি টু জি	সরকার থেকে সরকার সহযোগিতা
জিওবি	বাংলাদেশ সরকার
এইচএসসিসিপি	হ্যাজার্ড এনালাইসিস অ্যান্ড ক্রিটিক্যাল এনালাইসিস পয়েন্টস
এইচসিসিএসপি	হোস্টেড কল সেন্টার সার্ভিস প্রোভাইডারস সেন্টার
এইচকিউ	প্রধান কার্যালয়
এইচটি	উচ্চ ভোল্টেজ
আইবিএএন	আন্তর্জাতিক ব্যাংক অ্যাকাউন্ট নম্বর
আইডি	আইডেন্টিফিকেশন বা শনাক্তকরণ
আইএলও	আন্তর্জাতিক শ্রম সংস্থা
আইআরসি	আমদানি নিবন্ধন সনদ
আইআরআর	অভ্যন্তরীণ রিটার্ন হার
আইএসবিএন	আন্তর্জাতিক মান সংস্থা বই নম্বর
আইএসপি	ইন্টারনেট সেবা প্রদানকারী
আইটি	তথ্যপ্রযুক্তি
আইটিইএস	তথ্যপ্রযুক্তি ভিত্তিক সেবা
আইটিইউ	আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়ন
কেডিএ	খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
কেডব্লিউ	কিলোওয়াট
এল/সি	লেটার অব ক্রেডিট
এলসিএ	লেটার অব ক্রেডিট অথরাইজেশন
এমডি	ব্যবস্থাপনা পরিচালক
এমওসি	বাণিজ্য মন্ত্রণালয়
এমওএ	স্মারকলিপি
মডস জোন	রক্ষণাবেক্ষণ, অপারেশন, বিতরণ ও সেবা অঞ্চল
ওপিসি	ওয়ান পার্সন কোম্পানি
ওএসএস	ওয়ান স্টপ সার্ভিস
ওএলএম	অনলাইন লাইসেন্সিং মডিউল
এসএলএ	সেবা আইনগত চুক্তি
টিআইএন	করদাতা সনাক্তকরণ নম্বর
টিএল	টিম লিডার
ভ্যাট	মূল্য সংযোজন কর
পিআরএ	পার্সোনাল রিটেইল অ্যাকাউন্ট
এসএমএস	শর্ট মেসেজ সার্ভিস

নির্দেশিকায় ব্যবহৃত প্রধান পরিভাষাসমূহ

পরিভাষা (টার্ম)	নোট / রেফারেন্স
স্বয়ংক্রিয় চালান ব্যবস্থা (এ-চালান)	বাংলাদেশ ব্যাংক ও সিজিএর ই-পেমেন্ট সিস্টেম — ভ্যাট, কর ও সরকারি ফি জমার জন্য ব্যবহৃত।
ইলেকট্রনিক চালান (ই-চালান)	এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্যোগে চালু — সরকারি রাজস্ব ডিজিটাল প্রক্রিয়া প্রদানের জন্য।
স্বয়ংক্রিয় কাস্টমস তথ্য ব্যবস্থাপনা ব্যবস্থা	আমদানি ও রপ্তানি প্রক্রিয়া সহজ করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর অধীনে বাংলাদেশ কাস্টমস ব্যবহার করে।
অস্থায়ী আমদানি নিবন্ধন সনদ	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (সিসিআইই) কর্তৃক এক বছরের জন্য ইস্যু করা হয়।
হলফনামা	ম্যাজিস্ট্রেট বা নোটারি পাবলিকের সামনে শপথ করে প্রদত্ত সত্যায়িত বিবৃতি।
সংঘবিধি	কোম্পানির পরিচালনা কাঠামো ও নীতিমালা নির্ধারণকারী নথি (কোম্পানি আইন ১৯৯৪ অনুযায়ী, আরজেএসসি)।
ব্যাংক স্থিতিশীলতা/সক্ষমতা সনদ	আর্থিক সক্ষমতা যাচাইয়ের জন্য নির্ধারিত ব্যাংক কর্তৃক ইস্যু।
বিল অব এন্ট্রি	শুল্ক আইনে নির্ধারিত আমদানি/রপ্তানি পণ্যের ঘোষণাপত্র।
বিল অব লেডিং	পণ্য প্রেরক ও পরিবহনকারীর মধ্যে পরিবহন চুক্তির সরকারি নথি।
বন্ড / প্রতিশ্রুতিপত্র	আর্থিক দায়বদ্ধতার নিশ্চয়তা প্রদানকারী দলিল।
জেলা প্রশাসকের ব্যবসা ও বাণিজ্য শাখা	ট্রেড লাইসেন্স, অনুমোদন ও নো-অবজেকশন সনদ জারি করে।
ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং এজেন্ট	আমদানি-রপ্তানি পণ্যের শুল্ক কার্যক্রম পরিচালনাকারী লাইসেন্সপ্রাপ্ত এজেন্ট।
ক্রেডিট ইনফরমেশন ব্যুরো প্রতিবেদন	ঋণগ্রহীতার আর্থিক ইতিহাস যাচাইয়ের জন্য বাংলাদেশ ব্যাংক ব্যবহার করে।
কল সেন্টার	বিটিআরসি নিয়ন্ত্রিত গ্রাহকসেবা কেন্দ্র।
নিবন্ধন/ইনকর্পোরেশনের সনদ	আরজেএসসি কর্তৃক কোম্পানি নিবন্ধনের সরকারি নথি।
চালান	পণ্য/সেবার মূল্য ও পরিশোধ নিশ্চিতকারী নথি।
নাগরিক সেবা সনদ	সরকারি দপ্তরের সেবা প্রতিশ্রুতি ও মানদণ্ড।
দাবি নোট	নির্ধারিত সেবা বা পরিশোধযোগ্য অর্থের আনুষ্ঠানিক চাহিদাপত্র।
সরাসরি ব্যবসায়ী তথ্য প্রেরণ (ডিটিআই)	ব্যবসায়ীর ASYCUDA সিস্টেমে সরাসরি তথ্য দাখিল পদ্ধতি।
দলিল	সম্পত্তির মালিকানা বা অধিকার স্থানান্তরের আইনি প্রমাণ।
ডুপ্লিকেট কার্বন রসিদ	প্রতিলিপি রসিদ যা সরকারি পেমেন্টের প্রমাণ বহন করে।
অংশীদারিত্ব প্রতিষ্ঠান	পার্টনারশিপ আইন ১৯৩২ অনুযায়ী নিবন্ধিত ব্যবসা।
সাধারণ অগ্রাধিকার ব্যবস্থা (জিএসপি)	উন্নয়নশীল দেশসমূহের জন্য শুল্ক-ছাড় সুবিধা।
জিএসপি রুলস অব অরিজিন	জিএসপি ট্যারিফ সিস্টেমের আওতায় পণ্যের উৎপত্তি নির্ধারণের আন্তর্জাতিক নিয়ম।
গেজেটভুক্ত কর্মকর্তা	সরকারী গেজেটে যাদের নিয়োগ প্রকাশিত।
সংশ্লিষ্ট দপ্তর	নির্দিষ্ট সনদ বা অনুমোদন ইস্যুকারী দপ্তর।
নামজারি	সম্পত্তির মালিকানা পরিবর্তনের সরকারি রেকর্ড হালনাগাদ।
ক্ষতিপূরণ/নিশ্চয়তা বন্ড	ক্ষতির ক্ষেত্রে ক্ষতিপূরণ প্রদানের আইনি নিশ্চয়তা।
মনোনীত/লিয়েন ব্যাংক	আইআরসি আবেদনপত্রে উল্লেখিত অনুমোদিত ডিলার (AD) ব্যাংক।
প্রাইভেট লিমিটেড কোম্পানি	২৫০ শেয়ারহোল্ডার; জনসাধারণের কাছে শেয়ার বিক্রয়যোগ্য নয়।
পাবলিক লিমিটেড কোম্পানি	ন্যূনতম ৭ শেয়ারহোল্ডার; শেয়ার সর্বসাধারণের জন্য উন্মুক্ত।
রিটার্ন দাখিলের প্রমাণপত্র (পিএসআর)	আয়কর আইন ২০২৩ অনুযায়ী বাধ্যতামূলক।
ট্রেজারি চালান	সরকারি রাজস্ব বাংলাদেশ ব্যাংকে জমার অফিসিয়াল চালান।
ইউনিয়ন পরিষদ	বাংলাদেশের সর্বনিম্ন স্থানীয় সরকার ইউনিট।
ট্র্যাকিং নম্বর	ডাক/কুরিয়ার পণ্যের অবস্থান ও অগ্রগতি পর্যবেক্ষণের কোড।

বিভিন্ন সংস্থা কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সের মেট্রিক্স

সাধারণ নির্দেশনা: যেখানে কোনো নির্দিষ্ট কর্তৃপক্ষের উল্লেখ রয়েছে, সেখানে সংশ্লিষ্ট এখতিয়ারভুক্ত এলাকার বাইরে অবস্থিত আবেদনকারীদের তাদের ব্যবসায়িক অবস্থানের ওপর এখতিয়ারসম্পন্ন যথাযথ কর্তৃপক্ষ বা পরিষেবা প্রদানকারীর কাছ থেকে প্রয়োজনীয় লাইসেন্স, পারমিট, অনুমোদন, ছাড়পত্র বা ইউটিলিটি সংযোগ সংগ্রহ করতে হবে।

পাবলিক সেক্টর

মনোগ্রাম	সংস্থার নাম	লিঙ্ক	লাইসেন্সের নাম
	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি)	https://dscc.gov.bd/[1]	ট্রেড লাইসেন্স
Bangladesh Investment Development Authority BIDA	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)	https://www.investbangladesh.gov.bd/	• শিল্প প্রকল্প নিবন্ধন (যৌথ উদ্যোগ ও ১০০% বিদেশি বিনিয়োগ) • শিল্প আমদানি নিবন্ধন সনদের (অ্যাড-হক) জন্য সুপারিশপত্র
BSTI	বাংলাদেশ স্ট্যান্ডার্ডস ও টেস্টিং ইনস্টিটিশন (বিএসটিআই)	https://bsti.gov.bd/	সার্টিফিকেশন মার্ক (CM) লাইসেন্স
	পরিবেশ অধিদপ্তর (ডিওই)	https://doe.gov.bd/	পরিবেশগত ছাড়পত্র
	কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফে)	https://dife.dhaka.gov.bd/en	কারখানা নকশা অনুমোদন কারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন সনদ
DESCO	ঢাকা বিদ্যুৎ সরবরাহ কোম্পানি লিমিটেড (ডেসকো)	https://desco.gov.bd/[2]	বিদ্যুৎ সংযোগ অনুমোদন
ওয়াসা	ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা)	https://dwasa.org.bd/[3]	পানি সংযোগ অনুমোদন
	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (এফএসসিডি)	https://fireservice.gov.bd/	অগ্নি নিরাপত্তা ছাড়পত্র (Fire License)
	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)	https://nbr.gov.bd/	করদাতা শনাক্তকরণ নম্বর (TIN) সনদ ভ্যাট (VAT) নিবন্ধন

১ আবেদনকারীরা তাদের ব্যবসার অবস্থানের ওপর ভিত্তি করে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন, পৌরসভা বা ইউনিয়ন পরিষদ থেকে ট্রেড লাইসেন্স সংগ্রহ করতে পারেন।

২ ঢাকার বাইরে অবস্থিত আবেদনকারীদের নিজ নিজ এলাকার সংশ্লিষ্ট স্থানীয় ইউটিলিটি সেবা প্রদানকারী সংস্থা বা উপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে প্রয়োজনীয় সংযোগ, অনুমোদন, অনুমতিপত্র বা অনাপত্তি সনদ (NOC)–যা প্রযোজ্য–সংগ্রহ করতে হবে।

৩ ঢাকার বাইরে অবস্থিত আবেদনকারীদের নিজ নিজ এলাকার সংশ্লিষ্ট স্থানীয় ইউটিলিটি সেবা প্রদানকারী সংস্থা বা উপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে প্রয়োজনীয় সংযোগ, অনুমোদন, অনুমতিপত্র বা অনাপত্তি সনদ (NOC)–যা প্রযোজ্য–সংগ্রহ করতে হবে।

মনোগ্রাম	সংস্থার নাম	লিঙ্ক	লাইসেন্সের নাম
	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয় (সিসিআইঅ্যান্ডই)	https://olm.ccie.gov.bd/	আমদানি নিবন্ধন সনদ (IRC) রপ্তানি নিবন্ধন সনদ (ERC)
Registrar of Joint Stock Companies and Firms	যৌথ মূলধনী কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি)	https://app.roc.gov.bd/	নাম ছাড়পত্র (Name Clearance Certificate) কোম্পানি নিবন্ধন ডিজিটাল ব্যবসায় পরিচিতি (DBID) সনদ
	তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড	https://titasgas.gov.bd/	গ্যাস সংযোগের অনুমোদন
	জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)	https://nsda.gov.bd/	দক্ষতা উন্নয়ন সেবা
	বয়লার প্রধান পরিদর্শকের কার্যালয়	https://boiler.gov.bd/	বয়লার অনুমোদন
	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (এমওএলই)	https://mole.gov.bd/	শ্রমিক বিষয়ক তদারকি ও কমপ্লায়েন্স

বেসরকারী খাত


	যেকোনো তফসিলি ব্যাংক	https://fid.gov.bd/pages/static-pages/694032-ba35ce18e1c05614ba	ব্যাংক হিসাব খোলা
	ডিসিসিআই	https://www.dhakachamber.com/	সদস্যপদ সনদ
	এমসিসিআই	https://mccibd.org/	সদস্যপদ সনদ
	সিসিসিআই	https://www.chittagongchamber.com/	সদস্যপদ সনদ
	এফবিসিসিআই	https://fbcci.org/	সদস্যপদ সনদ

৪ বাংলাদেশে কেন্দ্রীয় ব্যাংক ছাড়াও চার ধরনের তফসিলি ব্যাংক রয়েছে।

গুরুত্বপূর্ণ লিঙ্ক

নং	প্রতিষ্ঠান	ওয়েবসাইট
১	যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধক (আরজেএসসি)	https://app.roc.gov.bd/
২	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)	https://nbr.gov.bd/
৩	ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)	https://www.dhakachamber.com/
৪	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)	https://www.investbangladesh.gov.bd/
৫	পরিবেশ অধিদপ্তর (ডিওই)	https://doe.gov.bd/
৬	কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর	https://dife.dhaka.gov.bd/en
৭	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (সিসিআই অ্যান্ড ই)	https://olm.ccie.gov.bd/
৮	ঢাকা ওয়াসা	https://dwasa.org.bd/
৯	ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড	https://desco.gov.bd/
১০	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স	https://fireservice.gov.bd/
১১	তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন পিএলসি	https://titasgas.gov.bd/
১২	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)	https://lged.gov.bd/
১৩	রপ্তানি উন্নয়ন ব্যুরো	https://epb.gov.bd/
১৪	ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অ্যান্ড কমার্স ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)	https://fbcci.org/


লাইসেন্স সম্পর্কে ধারণালাভ




	ট্রেডিং	উৎপাদন	সেবা
প্রয়োজনীয় মোট লাইসেন্স (ব্যবসার প্রকৃতির উপর নির্ভরশীল)	৭	২০	৭
মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়ের সংখ্যা	৫	১৫	৭

সিদ্ধান্ত - বিজনেস ট্রি

প্রশ্নসমূহ:
আপনি কি কর্মী নিয়োগ করছেন?
আপনি কি প্রস্তুতকারক হবেন?
আপনি কি পণ্য রপ্তানি বা আমদানি করেন?



প্রাথমিক লাইসেন্সসমূহ	উৎপাদন লাইসেন্স	ট্রেডিং	সেবা
• ব্যাংক অ্যাকাউন্ট • ট্রেড লাইসেন্স • টিআইএন • ভ্যাট	• বিডা • আরজেএসসি • ডিআইএফই • বিএসটিআই • ডিওই • ইউটিলিটি (বিদ্যুৎ/ গ্যাস/পানি সংযোগ)	• চেম্বার সদস্যপদ • আইআরসি • ইআরসি	ই-কমার্স (ডিবিআইডি/ পিআরএ)


ট্রেডিং
উৎপাদন খাত
সেবা
আমদানি/রপ্তানি করেন?
হ্যাঁ
না
সমস্ত প্রয়োজনীয় নথিপত্র এবং সিসিআইঅ্যান্ডই থেকে আইআরসি/ইআরসি যুক্ত করা
আইআরসি এবং ইআরসি ছাড়া অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র।
ব্যবসা নিবন্ধন সম্পন্ন করা

বাংলাদেশে ব্যবসা শুরু (ট্রেডিং, উৎপাদন ও সেবা খাত) - প্রয়োজনীয় ২৩টি লাইসেন্স

বাংলাদেশে ব্যবসা শুরু করার জন্য ২৩টি লাইসেন্সের অগ্রাধিকার নির্ধারণ

গত কয়েক বছরে, বিল্ড ব্যবসা শুরু করার জন্য প্রয়োজনীয় লাইসেন্সগুলোকে একত্রিত করে ছয়টি সংস্করণে 'বিজনেস স্টার্ট-আপ লাইসেন্সিং গাইডবুক' প্রকাশ করেছে। এসব গাইডবুকে বিভিন্ন খাতে ব্যবসা-সংশ্লিষ্ট ৫০০টিরও বেশি লাইসেন্স নথিভুক্ত করা হয়েছে। গাইডবুকসমূহের উন্নয়ন কার্যক্রম পরিচালিত হয়েছে সংশ্লিষ্ট সরকারি দপ্তর, বেসরকারি খাতের প্রতিনিধিদের সাথে বিস্তৃত পরামর্শ এবং স্টেকহোল্ডার কনসাল্টেশনের মাধ্যমে।

স্টেকহোল্ডারদের প্রতিক্রিয়া, রেগুলেটরি প্রয়োজনীয়তা এবং খাতভিত্তিক অগ্রাধিকারসমূহের পদ্ধতিগত বিশ্লেষণের মাধ্যমে বিল্ড বাংলাদেশে উৎপাদন, ট্রেডিং এবং পরিষেবা-ভিত্তিক ব্যবসা শুরু করার জন্য অপরিহার্য ২৩টি অগ্রাধিকার লাইসেন্স চিহ্নিত করে।

এই নির্বাচন নিম্নোক্ত মানদণ্ডের ওপর ভিত্তি করে করা হয়েছিল–

- কোন লাইসেন্স কত ঘন ঘন নবায়নের প্রয়োজন হয়,
- ব্যবসা শুরু করার ক্ষেত্রে তাদের গুরুত্ব কতটা, এবং
- বিভিন্ন খাতে তাদের প্রযোজ্যতা।

এভাবে, ব্যবসায় প্রবেশের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ ও ক্রস-সেক্টরাল লাইসেন্সগুলোকে অগ্রাধিকার দিয়ে সমগ্র প্রক্রিয়াটিকে আরও কার্যকর ও উদ্যোক্তাবান্ধব করাই ছিল বিল্ড-এর মূল লক্ষ্য।

বেসিক

- করদাতা শনাক্তকরণ নম্বর (টিআইএন)
- ট্রেড লাইসেন্স
- বিআইএন (মূল্য সংযোজন কর) নিবন্ধন
- বাংলাদেশে ব্যবসার জন্য ব্যাংক অ্যাকাউন্ট খোলা

করদাতা শনাক্তকরণ নম্বর (টিআইএন)

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	বাংলাদেশে কোনো কোম্পানিকে বৈধভাবে কার্যক্রম পরিচালনা করতে ও কর পরিশোধের জন্য করদাতা শনাক্তকরণ নম্বর (টিআইএন) প্রয়োজন।
যাদের জন্য প্রয়োজন	নতুন নিবন্ধিত কোম্পানি বা যেসব প্রতিষ্ঠানের টিআইএন নম্বর নেই।
সেবার আওতা	দেশের সর্বত্র

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	অর্থ মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), আয়কর উইং রাজস্ব ভবন প্লট নং এফ১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ টেলিফোন: (+৮৮) ০২২২২২১৭৭০০-০৯
অনলাইন পোর্টাল/লিঙ্ক	https://www.incometax.gov.bd

নবায়ন

সময়	প্রযোজ্য নয়
মাধ্যম	অনলাইন

প্রয়োজনীয় পদক্ষেপ


পূর্বশর্ত	আরজেএসসি-এর আওতায় কোম্পানি নিবন্ধন অথবা ডিসি অফিস, ইউনিয়ন পরিষদ বা সিটি করপোরেশনের অধীনে নিবন্ধন।	
প্রয়োজনীয় নথিপত্র	**নথিপত্র**	**মন্তব্য**
	কোম্পানির নিবন্ধিত নাম	আরজেএসসি নিবন্ধন অনুযায়ী
	ইনকরপোরেশন নম্বর ও তারিখ	আরজেএসসি কর্তৃক প্রদত্ত
	কোম্পানির নিবন্ধিত ঠিকানা	
	অনুমোদিত ব্যক্তির নাম	ব্যবস্থাপনা পরিচালক, চেয়ারম্যান বা প্রতিনিধি
	ইউনিক মোবাইল নম্বর	যাচাইকরণ ও যোগাযোগের জন্য
	সার্টিফিকেট ডেলিভারির জন্য ইমেল ঠিকানা	

দ্রষ্টব্য: আরজেএসসি নিবন্ধিত নয় এমন কোম্পানিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এনরোলমেন্ট ডকুমেন্ট জমা দিতে হবে। ডকুমেন্ট আপলোড সবসময় প্রাথমিকভাবে প্রয়োজন নাও হতে পারে, তবে প্রতিষ্ঠা-সংক্রান্ত সকল দলিল ও নথিপত্র প্রস্তুত রাখা উচিত।

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	আবেদনকারী কর্তৃক এই লিংকে প্রবেশ: https://www.incometax.gov.bd
ধাপ ২	ফরম পূরণ
ধাপ ৩	সিস্টেম অ্যাক্টিভেশন কোড প্রাপ্তি
ধাপ ৪	অন্যান্য তথ্য প্রদান
ধাপ ৫	অনলাইনে ফর্ম জমা
ধাপ ৬	ইমেইলে সার্টিফিকেট গ্রহণ
ধাপ ৭	টিআইএন সার্টিফিকেট গ্রহণ

প্রক্রিয়াচিত্র



ফি

আবেদন ফর্ম	কোনো ফি নেই
লাইসেন্স ফি	প্রযোজ্য নয়
অন্যান্য চার্জ	প্রযোজ্য নয়

সময়সীমা

এসএলএ / সময়	৩০ মিনিট
সাধারণ প্রসেসিং সময়	সহায়তাকারী সেবা প্রদানকারীর সম্পৃক্ততা মাঝে মাঝে অতিরিক্ত ব্যয় সৃষ্টি করতে পারে।

নবায়ন

প্রয়োজনীয় নথি	প্রয়োজন নেই
প্রক্রিয়ার ধাপ	প্রয়োজন নেই
ফি	প্রয়োজন নেই

নোট / পরামর্শ

সাধারণ প্রতিবন্ধকতাসমূহ	• ভুল ফরম পূরণ করা • ভুল তথ্য (যেমন: নামের বানান, মোবাইল নম্বর) • ঠিকানা কেন্দ্রিক অসামঞ্জস্য
স্থানভেদে পার্থক্য	সার্কেল অফিস
যোগাযোগ	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)
সুপারিশ	একটি নির্দিষ্ট ব্যবসায় নিবন্ধন পোর্টাল চালু করা যেতে পারে, যেখানে আবেদনের মাধ্যমেই ই-টিআইএন, বিআইএন এবং অন্যান্য প্রাসঙ্গিক নিবন্ধন করা সম্ভব।

ট্রেড লাইসেন্স

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	• ব্যবসা পরিচালনার আইনগত অনুমতি প্রাপ্তি। • বাংলাদেশে যেকোনো ব্যবসা আনুষ্ঠানিকভাবে শুরু করতে এবং স্থানীয় সরকার কর্তৃপক্ষের বিধিনিষেধ মেনে চলতে বৈধ ট্রেড লাইসেন্স থাকা বাধ্যতামূলক।
যাদের জন্য প্রয়োজন	• প্রোপ্রাইটরশিপ, পার্টনারশিপ এবং লিমিটেড কোম্পানি সহ সবধরনের ব্যবসায়; এছাড়াও যারা ট্রেডিং, সেবা বা উৎপাদন কার্যক্রমে যুক্ত। • মাইক্রো, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ – সব ধরনের উদ্যোক্তার জন্য প্রযোজ্য।
সেবার আওতা	• সারা দেশে সিটি করপোরেশন, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদান করা হয়।

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয় বা সংস্থা	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) (এই কার্যালয়টি উদাহরণ হিসেবে প্রদান করা হয়েছে।) গুলশান সেন্টার পয়েন্ট, প্লট নং ২৩-২৬, রোড নং ৪৬, গুলশান-২, ঢাকা-১২১২ ফোন: +৮৮ ০২-৯৮৬০৬৮৮ ওয়েবসাইট: www.dncc.gov.bd
অনলাইন পোর্টাল/লিঙ্ক	http://erevenue.dncc.gov.bd

নবায়ন

সময়	বাৎসরিক (আবেদনকারী একবারে সর্বোচ্চ পাঁচ বছরের জন্য ট্রেড লাইসেন্স গ্রহণ করতে পারেন)
মাধ্যম	অনলাইন ও অফলাইন (ই-ট্রেড লাইসেন্স, স্থানীয় সরকার বিভাগ) https://www.etradelicense.gov.bd/DefaultEng


প্রয়োজনীয়তা

পূর্বশর্ত	বাসস্থানটি বৈধ ও আইনসম্মত হতে হবে।					
প্রয়োজনীয় কাগজপত্র	**কাগজপত্র**	**মন্তব্য**	**একক মালিকানাধীন**	**অংশীদারি**	**লিমিটেড**	**শিল্প/ উৎপাদনকারী**
	নির্ধারিত আবেদনপত্র	http://erevenue.dncc.gov.bd	✓	✓	✓	✓
	সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ছবি	৩টি কপি ও ম্যাজিস্ট্রেট কর্তৃক সত্যায়িত	✓	✓	✓	✓
	ভাড়া চুক্তিপত্র/মালিকানার প্রমাণপত্র	নিজস্ব সম্পত্তি হলে হোল্ডিং ট্যাক্স বা কর পরিশোধের রসিদ	✓	✓	✓	✓
	ভাড়া পরিশোধের রসিদ	রসিদের কপি	✓	✓	✓	✓
	লিমিটেড কোম্পানির মেমোরেন্ডাম	লিমিটেড কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য	✗	✗	✓	✗
	জাতীয় পরিচয়পত্র (NID)	মূল কপির অনুলিপি	✓	✓	✓	✓
	পরিশোধিত মূলধন	লিমিটেড কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য	✗	✗	✓	✗
	ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (TIN)	মূল কপির অনুলিপি	✓	✓	✓	✓
	ব্যাংক সলভেন্সি বা আর্থিক স্বচ্ছলতার সনদ		✓	✓	✓	✓
	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের লাইসেন্স	মূল কপির অনুলিপি	✗	✗	✗	✓
দ্রষ্টব্য: সব ধরনের ব্যবসায়িক কাঠামোর ক্ষেত্রেই কেনাবেচা (ট্রেডিং) এবং সেবা–উভয়ই অন্তর্ভুক্ত।						

প্রক্রিয়া

ধাপসমূহ		একক	অংশীদারি	লিমিটেড	শিল্প
ধাপ ১	লগ-ইন করুন http://erevenue.dncc.gov.bd	✓	✓	✓	✓
ধাপ ২	প্রয়োজনীয় সব তথ্যসহ ফরম পূরণ করে জমা দান	✓	✓	✓	✓
ধাপ ৩	লাইসেন্সিং সুপারভাইজার বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে)	✗	✗	✓	✓
ধাপ ৪	পরিদর্শন প্রতিবেদন ইতিবাচক হলে আবেদনকারীকে অবহিতকরণ	✗	✗	✓	✓
ধাপ ৫	আবেদনকারী কর্তৃক পোর্টালের মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ	✓	✓	✓	✓
ধাপ ৬	আবেদনকারী কর্তৃক ট্রেড লাইসেন্স গ্রহণ	✓	✓	✓	✓

প্রক্রিয়াচিত্র



ফি

আবেদন ফরম	১০.০০ টাকা
লাইসেন্স ফি	ব্যবসার ধরন অনুযায়ী নির্ধারিত
অন্যান্য চার্জ	১৫% ভ্যাট

সময়সীমা

এসএলএ/ সময়	৩-৭ কার্যদিবস (সিটিজেন চার্টার অনুযায়ী)
প্রক্রিয়াকরণের স্বাভাবিক সময়	যদি আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় নথি সঠিকভাবে প্রস্তুত ও জমা দেওয়া হয়, তাহলে লাইসেন্স ইস্যু করার প্রক্রিয়ায় সাধারণত কোনো বিলম্ব হওয়ার কথা নয়। অধিকাংশ ক্ষেত্রে বিলম্ব ঘটার কারণ হলো, অনেক আবেদনকারী সম্পূর্ণ বা যথাযথভাবে প্রস্তুতকৃত হালনাগাদ নথি প্রদান করতে ব্যর্থ হন। এর ফলে সরকারি কর্মকর্তাদের ডিসক্রিশনারি ট্রিটমেন্টের সুযোগ সৃষ্টি হয়। এছাড়া, অনথিভুক্ত শর্তাবলিও বিলম্বের কারণ হয়ে দাঁড়ায়।

নবায়ন

প্রয়োজনীয় নথিপত্র		
	নথিপত্র	**মন্তব্য**
	বিদ্যমান ট্রেড লাইসেন্স নম্বর	শনাক্তকরণের জন্য
	নবায়ন ফি	সরকারি নীতিমালা অনুযায়ী

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	আবেদনকারী পোর্টালের মাধ্যমে ট্রেড লাইসেন্স নম্বর জমা দেবেন
ধাপ ২	সরকারি নীতিমালা অনুযায়ী ১-৫ বছরের নবায়ন ফি পরিশোধ করবেন
ধাপ ৩	নবায়নকৃত ট্রেড লাইসেন্স গ্রহণ করবেন

ফি

	নবায়ন ফি-র পরিমাণ ইস্যুয়েন্স ফি-র সমান–যার মধ্যে প্রযোজ্য সারচার্জ, ভ্যাট এবং আয়কর অন্তর্ভুক্ত রয়েছে (নবায়ন ফি-র ওপর ১৫% ভ্যাট এবং ৫০০ টাকা থেকে ৩,০০০ টাকা পর্যন্ত আয়কর)।

নোট / পরামর্শ

সাধারণ প্রতিবন্ধকতা	• অতিরিক্ত নথিপত্র ও শর্তাবলির পুনরাবৃত্তি • ম্যানুয়াল বা আংশিক ম্যানুয়াল-ডিজিটাল প্রক্রিয়া • স্বচ্ছতার অভাব ও অস্পষ্ট কার্যপ্রণালী • ঘন ঘন নবায়ন ও স্বল্প মেয়াদের বৈধতা • কর্মীদের সীমিত সক্ষমতা বা অদক্ষতা • পরিদর্শনে বিলম্ব • নথিপত্র ও সনদ প্রদানের প্রক্রিয়ায় একরূপতার অভাব
স্থানীয় ভিন্নতা	সিটি কর্পোরেশন, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদগুলোর মধ্যে ফি ও প্রয়োজনীয় নথিপত্রের ক্ষেত্রে স্থানীয় ভিন্নতা রয়েছে।
যোগাযোগের কেন্দ্রবিন্দু	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) গুলশান সেন্টার পয়েন্ট, প্লট নং ২৩-২৬ রোড নং ৪৬, গুলশান-২, ঢাকা-১২১২ ফোন: +৮৮ ০২-৯৮৬০৬৮৮ ওয়েবসাইট: www.dncc.gov.bd
সুপারিশসমূহ	• সকল কর্তৃপক্ষের (সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) ক্ষেত্রে ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন প্রক্রিয়াকে একীভূত, মানসম্মত এবং সম্পূর্ণ অনলাইন-ভিত্তিক করা উচিত। • লাইসেন্স প্রদান ও নবায়ন সহজতর করার লক্ষ্যে একটি কেন্দ্রীয় সফটওয়্যার ব্যবস্থা তৈরি করা যেতে পারে, যা বিশেষায়িত সিস্টেম ও জনবলের মাধ্যমে পরিচালিত হবে। • এমন একটি ব্যবস্থা চালু ও ব্যাপকভাবে প্রচার করা উচিত যার মাধ্যমে সকল কর্তৃপক্ষের (সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) অধীনে সর্বোচ্চ পাঁচ বছরের মেয়াদের জন্য ট্রেড লাইসেন্স প্রদান বা নবায়ন করা সম্ভব হবে। ট্রেড লাইসেন্সের আবেদনপত্রেও এমন একটি বিধান অন্তর্ভুক্ত করা উচিত যাতে উল্লেখ থাকে যে, সর্বোচ্চ পাঁচ বছর পর্যন্ত মেয়াদের লাইসেন্স গ্রহণ করা সম্ভব।
সুপারিশ	• পরস্পর-অতিক্রান্ত (overlapping) প্রয়োজনীয় শর্তাবলি এবং নথিবদ্ধ নয় এমন মানদণ্ডের অত্যধিক সংখ্যা কমিয়ে আনা, যা বর্তমানে ইচ্ছামাফিক বিলম্বের সুযোগ সৃষ্টি করে। • পরিদর্শনের জন্য একটি স্বচ্ছ ও সম্পূর্ণ ডিজিটাল ট্র্যাকিং ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে কায়িক (manual) বা আংশিক কায়িক-ডিজিটাল প্রক্রিয়া থেকে সরে আসা।

ব্যবসায় শনাক্তকরণ সংখ্যা (বিআইএন)/ ভ্যাট নিবন্ধন

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	ভ্যাট ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী ভ্যাট সম্মতির জন্য ব্যবসায় শনাক্তকরণ নম্বর (ইওঘ) সংগ্রহ করা।
যাদের জন্য প্রয়োজন	যে কোনো ব্যবসা যা ভ্যাটযোগ্য পণ্য/সেবা বিক্রয়, উৎপাদন বা আমদানি-রপ্তানিতে প্রয়োজন।
সেবার আওতা	দেশের সর্বত্র

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	অর্থ মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), আয়কর উইং রাজস্ব ভবন প্লট নং এফ১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ টেলিফোন: (+৮৮) ০২২২২২১৭৭০০-০৯
অনলাইন পোর্টাল/লিঙ্ক	https://www.nbr.gov.bd (feedbackvat@nbr.gov.bd)

নবায়ন

সময়	প্রযোজ্য নয়
মাধ্যম	অনলাইন

প্রয়োজনীয় পদক্ষেপ

পূর্বশর্ত	বৈধ ট্রেড লাইসেন্স এবং টিআইএন সার্টিফিকেট। শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে কার্যক্রম অনুযায়ী আইআরসি/ইআরসি প্রয়োজন হতে পারে।

প্রয়োজনীয় নথিপত্র	**মন্তব্য**
বৈধ ট্রেড লাইসেন্স	মূল কপির অনুলিপি
টিআইএন সার্টিফিকেট	মূল কপির অনুলিপি
আমদানি/রপ্তানি নিবন্ধন সনদের অনুলিপি	প্রযোজ্য হলে
সব ব্যবসা আউটলেটের ঠিকানাসহ তালিকা	
মূল ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট	
বিডা নিবন্ধন সনদের অনুলিপি	প্রযোজ্য হলে
মেমোরেনডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন	লিমিটেড কোম্পানির ক্ষেত্রে
মালিক/ম্যানেজিং ডিরেক্টরের পাসপোর্ট সাইজ ছবি	২ কপি
ব্যবসা প্রতিষ্ঠানের দলিল বা মালিকানার প্রমাণ	মূল কপির অনুলিপি


নোট: নিবন্ধনের পর বিআইএন অবশ্যই সব ব্যবসা প্রতিষ্ঠানে প্রদর্শন করতে হবে এবং ভ্যাট সংক্রান্ত নথিপত্র যথাযতভাবে সংরক্ষণ করতে হবে।

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	এনবিআর জোনাল অফিস বা এনবিআর ওয়েবসাইট থেকে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ
ধাপ ২	প্রয়োজনীয় নথিসহ পূর্ণাঙ্গ আবেদনপত্র জমা
ধাপ ৩	এনবিআর কর্তৃক দাখিলকৃত নথি যাচাই
ধাপ ৪	প্রয়োজন হলে এনবিআর কর্তৃক ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন
ধাপ ৫	আবেদনকারী কর্তৃক ভ্যাট নিবন্ধন সনদ গ্রহণ

প্রক্রিয়াচিত্র

বিআইএন (মূল্য সংযোজন কর) নিবন্ধন



ফি

আবেদন ফরম	কোনো সরকারি ফি বা অন্যান্য চার্জ নেই।
লাইসেন্স ফি	প্রযোজ্য নয়
অন্যান্য চার্জ	প্রযোজ্য নয়

সময়সীমা

এসএলএ / সময়	৭-১৪ দিন
সাধারণ প্রসেসিং সময়	৭-১৪ দিন

প্রক্রিয়ায় বিলম্ব এড়াতে সমস্ত জমাকৃত নথি যথাযথভাবে সত্যায়িত এবং সম্পূর্ণ হওয়া নিশ্চিত করুন। ভ্যাট বিধিমালা মেনে চলুন।

নবায়ন

প্রয়োজনীয় নথি	প্রয়োজন নেই
প্রক্রিয়ার ধাপ	প্রয়োজন নেই
ফি	প্রয়োজন নেই

নোট / পরামর্শ

সাধারণ জটিলতা	• ভুল বা অসম্পূর্ণ তথ্য • যথাযথ নথিপত্র না থাকা বা পুরোনো নথি প্রদান • ভ্যাট রেট নিয়ে বিভ্রান্তি • অনলাইন পোর্টালের কারিগরি সমস্যা • ব্যবসার প্রকৃতি বা উদ্দেশ্য ভুলভাবে বোঝা • ব্যবসায় আগ্রহের অভাব
স্থানীয় ভিন্নতা	ভ্যাট সার্কেল
যোগাযোগ	এনবিআর ভ্যাট উইং
সুপারিশ	ই-টিআইএন ও বিআইএন সনদের জন্য কিউআর-কোড ভিত্তিক যাচাইকরণ ব্যবস্থা চালু করা, যাতে ব্যাংক, সরকারি সংস্থা ও ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলো তাৎক্ষণিকভাবে সেগুলো যাচাই করতে পারে।

বাংলাদেশে ব্যবসার জন্য ব্যাংক অ্যাকাউন্ট খোলা

বাংলাদেশে একটি ব্যবসা শুরু করতে হলে ব্যাংক অ্যাকাউন্ট খোলা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি ধাপ। উদ্যোক্তাকে একটি তফসিলি ব্যাংক নির্বাচন করতে হয় এবং প্রয়োজনীয় নথিপত্র প্রস্তুত করতে হয়, যেমন ট্রেড লাইসেন্স (বা শুরুর পর্যায়ে থাকা প্রতিষ্ঠানের ক্ষেত্রে নামের ছাড়পত্র), কর শনাক্তকরণ নম্বর (টিআইএন), জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এবং সংশ্লিষ্ট ব্যবসা নিবন্ধনের কাগজপত্র। সাধারণত অ্যাকাউন্টটি ব্যবসার নামে খোলা হয়, যাতে সমস্ত আর্থিক লেনদেন আইনগতভাবে রেকর্ড হয় এবং স্বচ্ছ থাকে।

কেন এটি গুরুত্বপূর্ণ:

একটি ব্যবসায়িক ব্যাংক অ্যাকাউন্ট ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক অর্থ আলাদা রাখতে সাহায্য করে, সঠিক আর্থিক নথি সংরক্ষণ নিশ্চিত করে এবং বাংলাদেশ ব্যাংকের বিধানসমূহ মেনে চলতে সহায়তা করে। এর মাধ্যমে প্রতিষ্ঠান অর্থ গ্রহণ, সরবরাহকারীদের অর্থ প্রদান, ঋণ বা ক্রেডিট সুবিধা গ্রহণসহ বিভিন্ন লেনদেন নির্বিঘ্নে পরিচালনা করতে পারে। তাছাড়া, কোম্পানি নিবন্ধন এবং বিভিন্ন লাইসেন্স প্রক্রিয়ায় বিজনেস ব্যাংক অ্যাকাউন্টের প্রমাণ আবশ্যক– যা ব্যবসা আনুষ্ঠানিকভাবে শুরু করার মৌলিক ধাপ হিসাবে বিবেচিত হয়।

ব্যবসার ধরন অনুযায়ী বাংলাদেশে ব্যাংক অ্যাকাউন্ট খোলার জন্য প্রয়োজনীয় নথিপত্র:

ব্যবসার ধরন	প্রয়োজনীয় নথিপত্র
একক স্বত্বাধিকারী প্রতিষ্ঠান	• বৈধ ট্রেড লাইসেন্স • মালিকের জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্ট • ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) সার্টিফিকেট • মালিকের সাম্প্রতিক পাসপোর্ট সাইজ ছবি • ব্যবসার ঠিকানার প্রমাণ (ইউটিলিটি বিল বা ভাড়ার চুক্তিপত্র)
পার্টনারশিপ প্রতিষ্ঠান	• পার্টনারশিপ ডিড (প্রযোজ্য হলে নিবন্ধিত) • বৈধ ট্রেড লাইসেন্স • পার্টনারশিপের জন্য টিআইএন সার্টিফিকেট • সকল পার্টনারের জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্ট কপি • সকল পার্টনারের পাসপোর্ট সাইজ ছবি • অ্যাকাউন্ট খোলার জন্য পার্টনারশিপ রেজল্যুশন • ব্যবসার ঠিকানার প্রমাণ
লিমিটেড কোম্পানি	• আরজেএসসি কর্তৃক প্রদত্ত ইনকরপোরেশন সার্টিফিকেট • মেমোরেনডাম এবং আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন– আরজেএসসির ফরম XII (পরিচালকদের বিবরণ) • বৈধ ট্রেড লাইসেন্স • কোম্পানির টিআইএন সার্টিফিকেট • সকল পরিচালকের জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্ট কপি • অনুমোদিত স্বাক্ষরকারীদের পাসপোর্ট সাইজ ছবি • বোর্ড রেজল্যুশন (অ্যাকাউন্ট খোলার অনুমোদন) • নিবন্ধিত অফিসের ঠিকানার প্রমাণ

একটি চলতি হিসাব (কারেন্ট অ্যাকাউন্ট) খোলার জন্য পছন্দের ব্যাংক নির্বাচন করা, শাখায় গিয়ে আবেদনপত্র পূরণ করা এবং প্রয়োজনীয় নথিপত্র জমা দিতে হয়। প্রাথমিক অর্থ জমা প্রদান করার পর ব্যাংক আপনার আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে, এবং প্রক্রিয়া শেষ হলে আপনার অ্যাকাউন্ট সক্রিয় হয়ে ব্যবহারের জন্য প্রস্তুত হয়।

বর্তমানে অধিকাংশ ব্যাংকে অনলাইন সেবা রয়েছে এবং সব নথি প্রস্তুত ও হালনাগাদ থাকলে মাত্র একবার শাখায় গিয়ে এক দিনের মধ্যেই ব্যাংক অ্যাকাউন্ট খোলা সম্ভব।

সুপারিশ	একই দিনে অ্যাকাউন্ট সচল করার সুবিধার্থে ব্যাংকিং পোর্টালগুলোকে সরকারি ডিজিটাল আইডি ব্যবস্থার সাথে সংযুক্ত করুন।


উৎপাদন
নামের ছাড়পত্র সনদ
প্রাইভেট ও পাবলিক কোম্পানি নিবন্ধ
শিল্প প্রকল্প নিবন্ধন যৌথ উদ্যোগ ও ১০০% বিদেশি মালিকানাধীন
কারখানা/প্রতিষ্ঠান/দোকানের লাইসেন্স
প্ল্যান্ট নির্মাণ অনুমোদন
শিল্প খাতে অ্যাড-হক আইআরসি (Industrial IRC) এর জন্য সুপারিশপত্র
অ্যাড-হক শিল্প আমদানি নিবন্ধন সনদ (Industrial Import Registration Certificate – Ad-Hoc)
সার্টিফিকেশন মার্ক (CM) লাইসেন্স
ফায়ার লাইসেন্স
গ্যাস সংযোগ
পানির সংযোগ অনুমোদন (বাণিজ্যিক বা শিল্প)
বিদ্যুৎ সংযোগ অনুমোদন
পরিবেশগত ছাড়পত্র

নামের ছাড়পত্র সনদ

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	নতুন কোনো প্রতিষ্ঠান নিবন্ধনের (বিদেশি কোম্পানি ও পার্টনারশিপ প্রতিষ্ঠান ব্যতীত) জন্য নামের ছাড়পত্র সনদ একটি পূর্বশর্ত।
যাদের জন্য প্রয়োজন	নতুন কোম্পানি, সমিতি বা ট্রেড সংগঠনের উদ্যোক্তা।
সেবার আওতা	দেশের সর্বত্র

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	বাণিজ্য মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস (আরজেএসসি), টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ফোন: +৮৮-০২-৮১৮৯৪০৩, ৮১৮৯৪০১ ফ্যাক্স: +৮৮-০২-৮১৮৯৪০২ ইমেইল: rjsc@roc.gov.bd ওয়েবসাইট: www.roc.gov.bd
অনলাইন পোর্টাল/লিঙ্ক	https://app.roc.gov.bd/

নবায়ন

সময়	প্রযোজ্য নয়
মাধ্যম	অনলাইন

শর্তাবলি


পূর্বশর্ত	প্রস্তাবিত নতুন সত্তার প্রমোটর হতে হবে।	
প্রয়োজনীয় নথিপত্র	**নথিপত্র**	**মন্তব্য**
	নামের ছাড়পত্রের জন্য আবেদন	
	প্রমোটরদের ১ম সাধারণ সভার কার্যবিবরণী	শুধু কোম্পানির জন্য

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	আবেদনকারী কর্তৃক অনলাইনে আবেদনপত্র পূরণ
ধাপ ২	আরজেএসসি ওয়েবসাইটে ই-অ্যাকাউন্ট খোলা
ধাপ ৩	আরজেএসসি ওয়েবসাইটে প্রাথমিক নাম অনুসন্ধান করা
ধাপ ৪	ফি জমা দেয়া
ধাপ ৫	টাকা জমার রসিদ/মানি রিসিপ্ট জমা দেয়া
ধাপ ৬	নেম ক্লিয়ারেন্স সার্টিফিকেট সংগ্রহ করা

প্রক্রিয়াচিত্র

নামের ছাড়পত্র সনদ



ফি

আবেদন ফরম	অনলাইন
লাইসেন্স ফি	কোম্পানির জন্য: প্রস্তাবিত প্রতিটি নামের জন্য ৫০০ টাকা; পার্টনারশিপ ফার্মের জন্য: ৫০০ টাকা; সোসাইটির জন্য: ২,০০০ টাকা; ট্রেড অর্গানাইজেশনের জন্য: ৫০০ টাকা
অন্যান্য চার্জ	কোনো নির্দিষ্ট চার্জ নেই

প্রক্রিয়াকরণের সময়

স্ট্যাচুয়েটরি এসএলএ	৪ ঘণ্টা
স্বাভাবিক প্রক্রিয়াকরণ সময়	১ দিন

নবায়ন

প্রয়োজনীয় নথি	প্রয়োজন নেই
প্রক্রিয়ার ধাপসমূহ	প্রয়োজন নেই
ফি	প্রয়োজন নেই

নোট / পরামর্শ

সাধারণ জটিলতা	• প্রস্তাবিত নামের সমস্যা (সম্পূর্ণ আলাদা না হওয়া) • আবেদন প্রক্রিয়ায় জটিলতা • ওয়েবসাইট ও সার্ভারজনিত সমস্যা (ইন্টারনেট সংযোগ, সার্ভার ডাউন ইত্যাদি)
স্থানভেদে পার্থক্য	নাগরিক সনদ অনুসরণ করুন অথবা জেলা কার্যালয়ের সাথে যোগাযোগ করুন।
যোগাযোগ	রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস (আরজেএসসি), টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ফোন: +৮৮-০২-৮১৮৯৪০৩, ৮১৮৯৪০১, ফ্যাক্স: +৮৮-০২-৮১৮৯৪০২ ইমেইল: rjsc@roc.gov.bd ওয়েবসাইট: www.roc.gov.bd
সুপারিশ	নামের প্রাপ্যতা সম্পর্কে তাৎক্ষণিক ফলাফল প্রদানকারী একটি অধিকতর শক্তিশালী প্রাথমিক নাম অনুসন্ধান টুল (Tool) চালু করুন।

কোম্পানি নিবন্ধন (প্রাইভেট ও পাবলিক)

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	বাংলাদেশে একটি কোম্পানির আইনগত ভিত্তি আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠা করা।
যাদের জন্য প্রয়োজন	প্রাইভেট কোম্পানি, পাবলিক কোম্পানি, ওয়ান পার্সন কোম্পানি (ওপিসি), বিদেশি কোম্পানি, ট্রেড অর্গানাইজেশন, সমিতি এবং পার্টনারশিপ ফার্ম।
সেবার আওতা	দেশের সর্বত্র

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	বাণিজ্য মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস (আরজেএসসি) টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ফোন: +৮৮-০২-৮১৮৯৪০৩, ৮১৮৯৪০১, ফ্যাক্স: +৮৮-০২-৮১৮৯৪০২ ইমেইল: rjsc@roc.gov.bd ওয়েবসাইট: www.roc.gov.bd
অনলাইন পোর্টাল/লিঙ্ক	https://app.roc.gov.bd/

নবায়ন

সময়	বার্ষিক রিটার্ন জমা দেওয়ার মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে নবায়ন সম্পন্ন হয়।
মাধ্যম	অনলাইন

শর্তাবলি

পূর্বশর্ত	বৈধ নেম ক্লিয়ারেন্স সনদ থাকতে হবে (বিদেশি কোম্পানি এবং পার্টনারশিপ ফার্মের ক্ষেত্রে প্রয়োজন নেই)।

প্রয়োজনীয় নথিপত্র	নথিপত্র	মন্তব্য
প্রতিষ্ঠানের ধরন অনুযায়ী ভিন্ন হয়। বিস্তারিত তালিকা মূল টেক্সটে দেখুন।		

প্রতিষ্ঠানের ধরন	প্রয়োজনীয় নথিপত্র
প্রাইভেট কোম্পানি	১। মেমোরেনডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন – মূল কপি + ২ কপি অনুলিপি ২। ফরম I পূরণকৃত: কোম্পানি নিবন্ধনের ঘোষণা [ধারা ২৫] ৩। ফরম VI পূরণকৃত: রেজিস্টার্ড অফিসের ঠিকানা এবং পরিবর্তনের নোটিশ [ধারা ৭৭] ৪। ফরম IX পূরণকৃত: পরিচালকের কার্যনির্বাহের সম্মতি [ধারা ৯২] ৫। ফরম X পূরণকৃত: পরিচালক হওয়ার জন্য সম্মত ব্যক্তিদের তালিকা [ধারা ৯২] ৬। ফরম XII পূরণকৃত: পরিচালক, ম্যানেজার এবং ম্যানেজিং এজেন্টদের বিবরণ [ধারা ১১৫] ৭। নেম ক্লিয়ারেন্সের প্রমাণপত্র ৮। বিশেষ আঠাযুক্ত স্ট্যাম্প ও বাংলাদেশ ব্যাংকের ট্রেজারি চালানের (ফটোকপি) রসিদ
ধাপ ৯	কোনো ত্রুটি বা অসম্পূর্ণতা থাকলে তা সংশোধন করে পুনরায় সাবমিট করুন।
ধাপ ১০	আবেদন সাবমিট করার সঙ্গে সঙ্গে স্বয়ংক্রিয়ভাবে একটি ট্র্যাকিং নম্বর তৈরি হবে।

প্রক্রিয়াচিত্র

রপ্তানি নিবন্ধন সনদ



ফি

আবেদনপত্র	অনলাইন
লাইসেন্স ফি	১০,০০০ টাকা
অন্যান্য চার্জ	১৫% ভ্যাট = ১৫,০০০ টাকা

সময়সীমা

এসএলএ/ সময়	৩ কর্মদিবস
স্বাভাবিক প্রক্রিয়াকরণ সময়	বাংলাদেশে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর থেকে রপ্তানি নিবন্ধন সনদ পেতে বিলম্বের প্রধান কারণ হলো অসম্পূর্ণ বা ভুল নথিপত্র।

নবায়ন

প্রয়োজনীয় নথিপত্র	টিআইএন সার্টিফিকেট পেমেন্ট রসিদ সহ ট্যাক্স রিটার্ন জমার রসিদ বা রিটার্ন জমার প্রমাণপত্র
প্রক্রিয়ার ধাপসমূহ	নবায়নের জন্য সম্পূর্ণ নথিপত্র জমা ৩ কার্যদিবসের মধ্যে নবায়নকৃত সনদ ইস্যু
ফি	৭,০০০ টাকা + ১৫% ভ্যাট (১,০৫০ টাকা)

নোট / পরামর্শ

সাধারণ প্রতিবন্ধকতা	• ভুল/অসম্পূর্ণ তথ্য • পুরনো বা অপ্রযোজ্য নথি • নীতিমালা সম্পর্কে পর্যাপ্ত ধারণার অভাব • অনানুষ্ঠানিক/অপ্রকাশ্য খরচ
স্থানীয় ভিন্নতা	বিভিন্ন বিভাগ বা নির্বাচিত গ্রোথ সেন্টারে প্রক্রিয়ায় কিছু পার্থক্য থাকতে পারে।
যোগাযোগ	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রণের দপ্তর (সিসিআইঅ্যান্ডই) এনএসসি টাওয়ার (১৫তম তলা), ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০ ফোন: +৮৮০-২-৯৫৫৩৩৪৯, ফ্যাক্স: +৮৮০-২-৯৫৫০২১৭ ই-মেইল: controller.chief@ccie.gov.bd ওয়েবসাইট: www.ccie.gov.bd

সেবা

- ডিজিটাল বিজনেস আইডেন্টিফিকেশন (ডিবিআইডি) সনদ
- পার্সোনাল রিটেইল অ্যাকাউন্ট (পিআরএ)
- আইটি-এনাবলড সার্ভিস (আইটিইএস)

ডিজিটাল বিজনেস আইডেন্টিফিকেশন সনদ / ইউবিআইডি

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	কোনো প্রতিষ্ঠানের নামে নিবন্ধনের অনুমোদন আছে কি না তা যাচাই করা।
যাদের জন্য প্রয়োজন	স্টার্ট-আপ ও সাধারণ ব্যবসা প্রতিষ্ঠান।
সেবার আওতা	বাংলাদেশ

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	বাণিজ্য মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি) টিসিবি ভবন, ৬ষ্ঠ তলা, ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ ফোন: +৮৮-০২-৮১৮৯৪০৩, ৮১৮৯৪০১, ফ্যাক্স: +৮৮-০২-৮১৮৯৪০২ ইমেইল: rjsc@roc.gov.bd, ওয়েবসাইট: www.roc.gov.bd
অনলাইন পোর্টাল	http://www.dbid.gov.bd

নবায়ন

সময়	প্রয়োজন নেই
মাধ্যম	অনলাইন

শর্তাবলি

পূর্বশর্ত	প্রযোজ্য


প্রয়োজনীয় নথিপত্র	মন্তব্য
আবেদনকারীর ছবি	–
আবেদনকারীর স্বাক্ষর	–
আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র	–
ইনকাম ট্যাক্স রেজিস্ট্রেশন নম্বর	কপি (যদি থাকে)
কোম্পানি ইনকরপোরেশন সার্টিফিকেট	কপি (যদি থাকে)
ট্রেড লাইসেন্স	কপি (যদি থাকে)
পরিচালকদের জাতীয় পরিচয়পত্র	কপি
প্রতিষ্ঠানের চেয়ারম্যানের জাতীয় পরিচয়পত্র	কপি
বাড়ির মালিকের জাতীয় পরিচয়পত্র	কপি
ভাড়ার চুক্তি (রেন্টাল অফিস হলে)	কপি
ভ্যাট/BIN রেজিস্ট্রেশন নম্বর	কপি (যদি থাকে)
স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/বিশিষ্ট ব্যক্তির সুপারিশ	–

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	আবেদনপত্রের লাল তারকা চিহ্নিত ঘরগুলো অবশ্যই পূরণ করতে হবে। অন্যান্য ঘর ঐচ্ছিক।
ধাপ ২	প্রয়োজনে আবেদনপত্র “Draft” হিসেবে সংরক্ষণ করে পরে Service Management অপশন থেকে পুনরায় পূরণ করা যাবে।
ধাপ ৩	আবেদন জমা দেওয়ার পর একটি ইউনিক Tracking Number তৈরি হবে, যা Service Management থেকে ব্যবহার করে আবেদনটির অগ্রগতি দেখা যাবে।

প্রক্রিয়াচিত্র

ডিজিটাল ব্যবসায় পরিচিতি (ডিবিআইডি) সনদ



ফি

আবেদন ফি	প্রযোজ্য নয়
লাইসেন্স ফি	প্রযোজ্য নয়
অন্যান্য চার্জ	প্রযোজ্য নয়

সময়সীমা

• এসএলএ/ সময়	৬০ দিন
• স্বাভাবিক প্রক্রিয়াকরণ সময়	ভুল বা অসম্পূর্ণ আবেদনপত্র এবং অনলাইন প্ল্যাটফর্মের প্রযুক্তিগত সমস্যার কারণে বিলম্ব হতে পারে।

নবায়ন

প্রয়োজনীয় নথিপত্র	প্রয়োজন নেই
প্রক্রিয়ার ধাপসমূহ	প্রয়োজন নেই
ফি	প্রয়োজন নেই

নোট / পরামর্শ

সাধারণ প্রতিবন্ধকতা	• ধীর প্রক্রিয়াকরণ • সচেতনতার অভাব • ছোট ও অনানুষ্ঠানিক ব্যবসার জন্য জটিলতা • অসম্পূর্ণ বা ভুল নথি জমা
স্থানীয় ভিন্নতা	উল্লেখ নেই
যোগাযোগ	যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর টিসিবি ভবন, ৬ষ্ঠ তলা, ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ ফোন: +৮৮-০২-৮১৮৯৪০৩, ৮১৮৯৪০১, ফ্যাক্স: +৮৮-০২-৮১৮৯৪০২ ইমেইল: rjsc@roc.gov.bd, ওয়েবসাইট: www.roc.gov.bd

পার্সোনাল রিটেল অ্যাকাউন্ট (পিআরএ)

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	ব্যক্তিগত ব্যবসায়িক লেনদেনের জন্য ব্যাংক অ্যাকাউন্ট।
যাদের জন্য প্রয়োজন	• শ্রমঘন ক্ষুদ্র ও ভ্রাম্যমাণ উদ্যোক্তা • প্রান্তিক পেশার পণ্য/সেবা বিক্রেতা • নিজস্ব পণ্য বিক্রেতা • সামাজিক যোগাযোগ মাধ্যমে পণ্য/সেবা বিক্রেতা
সেবার আওতা	সমগ্র বাংলাদেশ।

কর্তৃপক্ষ

ইস্যুকারী সংস্থা	বাংলাদেশ ব্যাংক
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	যেকোনো ব্যাংক
অনলাইন পোর্টাল	

নবায়ন

সময়	প্রয়োজন নেই
মাধ্যম	অনলাইন

শর্তাবলি


পূর্বশর্ত	১৮ বছর বা তার বেশি বয়সী বাংলাদেশি নাগরিক

প্রয়োজনীয় নথিপত্র	মন্তব্য
একাউন্ট খোলার পূরণকৃত ফরম	–
আবেদনকারী/মনোনীত ব্যক্তির এনআইডি/পাসপোর্ট/জন্মসনদ	পরিচয় যাচাই
ঠিকানার প্রমাণ	সাম্প্রতিক ইউটিলিটি বিল
আয়/পেশার প্রমাণ	ট্রেড লাইসেন্স প্রয়োজন নেই
আবেদনকারীর সাম্প্রতিক পাসপোর্ট সাইজ ছবি (২ কপি); মনোনীত ব্যক্তির ১ কপি	স্ব-সত্যায়িত
ট্যাক্স রিটার্নের প্রমাণ (পিএমআর)/ই-টিআইএন	প্রযোজ্য হলে
এফএটিসিএ ফরম	–

প্রক্রিয়া

অনলাইন ধাপসমূহ	
ধাপ ১	ব্যাংক ও একাউন্ট টাইপ নির্বাচন
ধাপ ২	প্রয়োজনীয় নথি সংগ্রহ
ধাপ ৩	আবেদনপত্র পূরণ
ধাপ ৪	জমা ও যাচাই
ধাপ ৫	অ্যাকাউন্ট সক্রিয়করণ

প্রক্রিয়া চিত্র



ফি

আবেদন ফরম	প্রয়োজন নেই
লাইসেন্স ফি	প্রয়োজন নেই
অন্যান্য চার্জ	প্রয়োজন নেই

সময়সীমা

• এসএলএ/ সময়	৩ দিন
• স্বাভাবিক প্রক্রিয়াকরণ সময়	PRA গ্রাহকগণ অধিকাংশই অনানুষ্ঠানিক ব্যবসায়ী এবং প্রক্রিয়া সম্পর্কে কম সচেতন, ফলে সময় বেশি লাগে।

আইটি-এনাবল্ড সার্ভিস (আইটিইএস) রেজিস্ট্রেশন ও লাইসেন্সিং

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	বাংলাদেশে আইনগতভাবে সফটওয়্যার/আইটি সেবা কোম্পানি প্রতিষ্ঠা ও পরিচালনা করা এবং সরকারি সুবিধা গ্রহণ।
যাদের জন্য প্রয়োজন	সফটওয়্যার কোম্পানি প্রতিষ্ঠা করতে ইচ্ছুক উদ্যোক্তা ও বিনিয়োগকারী এবং আইটি-এনাবল্ড সেবা প্রদানকারী প্রতিষ্ঠান।
সেবার আওতা	সমগ্র বাংলাদেশ।

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	আরজেএসসি, বিডা, বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটি, বেসিস, বিটিআরসি
দায়িত্বপ্রাপ্ত দপ্তরসমূহ	ধাপ অনুযায়ী ভিন্ন–আরজেএসসি, স্থানীয় সরকার, বিডা ইত্যাদি

নবায়ন

সময়	লাইসেন্স অনুযায়ী ভিন্ন (যেমন ট্রেড লাইসেন্স সাধারণত বার্ষিক)
পদ্ধতি	অনলাইন/অফলাইন

শর্তাবলি

পূর্বশর্ত	

প্রয়োজনীয় নথিপত্র	মন্তব্য
নিবন্ধন/লাইসেন্সের ধরণ অনুযায়ী ভিন্ন। সাধারণত প্রয়োজন হয়–	
• পূরণকৃত আবেদন ফরম	
• কোম্পানির দলিল	
• ঠিকানার প্রমাণ	
• পরিচয়পত্র	
• ব্যবসার বিবরণ	

প্রক্রিয়া

অনলাইন ধাপসমূহ	
ধাপ ১	কোম্পানি রেজিস্ট্রেশন (RJSC): প্রয়োজনীয় নথি জমা, ফি প্রদান, সার্টিফিকেট অব ইনকরপোরেশন সংগ্রহ।
ধাপ ২	ট্রেড লাইসেন্স: সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ থেকে গ্রহণ।
ধাপ ৩	ট্যাক্স ও ভ্যাট রেজিস্ট্রেশন (NBR): TIN ও VAT নিবন্ধন (BIN/e-BIN) সংগ্রহ।
ধাপ ৪	বিনিয়োগ নিবন্ধন (ঐচ্ছিক – BIDA): বিদেশি বিনিয়োগ থাকলে বা সরকারি সুবিধা পেতে চাইলে।
ধাপ ৫	সেক্টরাল সদস্যপদ ও বিশেষ নিবন্ধন (ঐচ্ছিক): • বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটি • BASIS সদস্যপদ • BTRC লাইসেন্স (কল সেন্টার/BPO)

ফি

আবেদন ফরম	কর্তৃপক্ষ ভেদে ভিন্ন
লাইসেন্স ফি	ভিন্ন
অন্যান্য চার্জ	ভিন্ন

সময়সীমা

এসএলএ	নেই
স্বাভাবিক প্রক্রিয়াকরণ সময়	উল্লেখ নেই

নবায়ন

প্রয়োজনীয় নথিপত্র	লাইসেন্স অনুযায়ী ভিন্ন (যেমন: ট্রেড লাইসেন্স নবায়নে আবেদনপত্র, পূর্বের লাইসেন্স, কর পরিশোধের প্রমাণ ইত্যাদি)
প্রক্রিয়ার ধাপসমুহ:	অধিকাংশ ক্ষেত্রে– • নবায়ন আবেদন • প্রয়োজনীয় দলিল • ফি প্রদান
ফি:	ইস্যুকারী কর্তৃপক্ষ অনুযায়ী ভিন্ন

নোট / পরামর্শ

সাধারণ বাধাসমূহ	• অনিশ্চিত ব্যবসায়িক পরিবেশ • BASIS কার্যকরভাবে কাজ না করা
স্থানীয় ভিন্নতা	স্থানীয় সরকার কর্তৃক ট্রেড লাইসেন্স প্রদানে এলাকার ভিন্নতা থাকতে পারে।

প্রাসঙ্গিক নীতিমালার সারসংক্ষেপ

১। শিল্পনীতি ২০২২: সারসংক্ষেপ

ওয়েব লিঙ্ক: https://moind.gov.bd/site/view/policies/%E0%A6%A8%E0%A7%80%E0%A6%A4%E0%A6%BF%E0% A6%AE%E0%A6%BE%E0%A6%B2%E0%A6%BE

রপ্তানিমুখী শিল্প, এসএমই খাত, উদ্ভাবনী শিল্প, এবং সবুজ ও টেকসই শিল্পায়নকে সামনে রেখে সরকার শিল্পনীতি ২০২২ প্রণয়ন করেছে। এর লক্ষ্য হলো শিল্প খাতকে আধুনিক, প্রতিযোগিতামূলক, পরিবেশবান্ধব ও প্রযুক্তিনির্ভর হিসেবে গড়ে তোলা, যাতে দেশীয় বাজারের পাশাপাশি বৈশ্বিক বাজারেও বাংলাদেশের অবস্থান শক্তিশালী হয়। এ নীতি শুধু শিল্পায়নের একটি নথি নয়, বরং ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গঠনের পথে শিল্প খাতের জন্য একটি কৌশলগত রূপরেখা।

শিল্পনীতি ২০২২-এর প্রস্তাবনায় বলা হয়েছে যে, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে শিল্পখাতকে কেন্দ্রীয় ভূমিকা দেওয়া হবে। কর্মসংস্থান সৃষ্টি, বৈদেশিক মুদ্রা অর্জন, প্রযুক্তি স্থানান্তর, উদ্যোক্তা বিকাশ, আঞ্চলিক বৈষম্য হ্রাস এবং পরিবেশবান্ধব শিল্পায়নকে এই নীতি প্রণয়নে মূল ভিত্তি হিসেবে ধরা হয়েছে। পাশাপাশি নীতি প্রণয়নের সময় জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্য (SDGs), ভিশন ২০৪১ এবং ২০২৭ সালের মধ্যে জাতীয় আয়ে শিল্প খাতের অবদান ৪০ শতাংশে উন্নীতকরণ করার কথা বলা হয়েছে। অর্থাৎ শিল্পনীতি ২০২২ কেবল শিল্পের সম্প্রসারণ নয়, বরং একটি আধুনিক, প্রতিযোগিতামূলক, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনীতি গড়ে তোলার রূপরেখা।

শিল্পনীতির উদ্দেশ্য

- শিল্পায়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য হ্রাস।
- এসএমই শিল্পের প্রসার ও উদ্যোক্তা তৈরির মাধ্যমে স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করা।
- প্রযুক্তি স্থানান্তর, উদ্ভাবন এবং গবেষণা-বিকাশকে উৎসাহ দেওয়া।
- দেশীয় কাঁচামালের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা।
- রপ্তানিমুখী ও আমদানি বিকল্প শিল্পকে সহায়তা করা।
- পরিবেশবান্ধব ও টেকসই শিল্পায়নকে অগ্রাধিকার দেওয়া।
- শিল্পায়নের মাধ্যমে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি;
- এসএমই, কুটির ও মাইক্রো শিল্পকে জাতীয় অর্থনীতির মূলধারায় আনা;
- রপ্তানি বহুমুখীকরণ ও আমদানি বিকল্প শিল্প গড়ে তোলা;
- গবেষণা, উদ্ভাবন ও প্রযুক্তি স্থানান্তরের মাধ্যমে শিল্প খাতকে আধুনিক ও প্রতিযোগিতামূলক করা;
- পরিবেশবান্ধব ও সবুজ শিল্পায়ন নিশ্চিত করা।

শিল্পনীতিতে বিশেষভাবে জোর দেওয়া হয়েছে পরিবেশবান্ধব শিল্পায়নের ওপর। এ নীতিতে বলা হয়েছে শিল্পায়ন অবশ্যই টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এর সাথে সামঞ্জস্য রেখে পরিচালিত হবে। অর্থাৎ, অর্থনৈতিক প্রবৃদ্ধির পাশাপাশি পরিবেশ সংরক্ষণ ও সামাজিক অন্তর্ভুক্তিকে গুরুত্ব দেওয়া হবে।

অগ্রাধিকারপ্রাপ্ত খাত

শিল্পনীতি ২০২২-এ বেশ কিছু খাতকে "অগ্রাধিকারপ্রাপ্ত খাত" হিসেবে উল্লেখ করা হয়েছে। অগ্রাধিকারপ্রাপ্ত খাতগুলোর মধ্যে রয়েছে:

- তৈরি পোশাক (আরএমজি)
- চামড়া ও চামড়াজাত পণ্য
- ওষুধশিল্প
- হালকা প্রকৌশল
- কৃষিভিত্তিক শিল্প
- তথ্যপ্রযুক্তি ও আইসিটি
- অটোমোবাইল
- জাহাজ নির্মাণ
- নবায়নযোগ্য জ্বালানি
- সৃজনশীল শিল্প

নীতিতে এসব খাতের জন্য বিশেষ সুবিধা, প্রণোদনা ও সহায়ক অবকাঠামো উন্নয়নের দিকনির্দেশনা দেওয়া হয়েছে।

খাতভিত্তিক দিকনির্দেশনা

ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই): নীতিমালায় এসএমই খাতকে অর্থনীতির "মেরুদণ্ড" বলা হয়েছে। নারী উদ্যোক্তা ও তরুণ উদ্যোক্তাদের বিশেষভাবে প্রণোদনা দেওয়ার পরিকল্পনা রয়েছে। তাদের জন্য সহজ শর্তে ঋণপ্রাপ্তি, বিশেষ তহবিল গঠন, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে প্রবেশের সুবিধা নিশ্চিত করার কথা বলা হয়েছে।

ওষুধ ও স্বাস্থ্যসেবা শিল্প: দেশীয় ওষুধ উৎপাদন বাড়াতে কর-সুবিধা এবং রপ্তানি বৃদ্ধির কৌশল নেওয়া হয়েছে। বৈশ্বিক বাজারে বাংলাদেশি ওষুধকে আরও প্রতিযোগিতামূলক করতে মান নিয়ন্ত্রণ আধুনিক প্রযুক্তি ব্যবহার এবং গবেষণায় বিনিয়োগের কথা বলা হয়েছে।

চামড়া ও চামড়াজাত শিল্প: পরিবেশবান্ধব ট্যানারি স্থাপন, আন্তর্জাতিক মানের সার্টিফিকেশন, আধুনিক যন্ত্রপাতি ব্যবহার এবং বাজার সম্প্রসারণের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।

আইসিটি ও হাইটেক শিল্প: সফটওয়্যার রপ্তানি, ফ্রিল্যান্সিং, BPO সেক্টর এবং স্টার্টআপ ইকোসিস্টেমকে উৎসাহিত করার দিকনির্দেশনা দেওয়া হয়েছে। সরকার এ খাতকে ভবিষ্যতের বৈদেশিক মুদ্রা অর্জনের নতুন উৎস হিসেবে দেখছে।

সৃজনশীল শিল্প : নতুন একটি খাত হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। এতে ফ্যাশন ডিজাইন, কারুশিল্প, সাংস্কৃতিক পণ্য, মিডিয়া ও বিনোদন খাতকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এর মাধ্যমে দেশীয় ঐতিহ্য ও সংস্কৃতির মূল্য সংযোজন ঘটিয়ে রপ্তানির নতুন সম্ভাবনা তৈরি করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

প্রধান কৌশলসমূহ

- রপ্তানি খাত শক্তিশালীকরণ: তৈরি পোশাক, চামড়া, ওষুধ, হালকা প্রকৌশল, জাহাজ নির্মাণ, আইসিটি ইত্যাদি খাতকে অগ্রাধিকার দেওয়া।
- এসএমই উন্নয়ন: নারী উদ্যোক্তাদের বিশেষ প্রণোদনা, সহজ ঋণপ্রাপ্তি, প্রশিক্ষণ, এবং বাজারে প্রবেশাধিকার নিশ্চিত করা।
- শিল্পাঞ্চল ও অর্থনৈতিক অঞ্চল: সরকারি-বেসরকারি অংশীদারিত্বে শিল্পাঞ্চল, হাইটেক পার্ক ও বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন।
- সবুজ শিল্পায়ন: নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ, শিল্পবর্জ্য ব্যবস্থাপনা।
- ডিজিটাল রূপান্তর: ই-কমার্স, আইটি-সক্ষম সেবা (ITES), চতুর্থ শিল্প বিপ্লব (4IR) প্রযুক্তি গ্রহণ।
- বিনিয়োগবান্ধব পরিবেশ: একক জানালা ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস), কর-সুবিধা, অবকাঠামো উন্নয়ন।
- অবকাঠামো উন্নয়ন: বিদ্যুৎ, গ্যাস, পানি ও যোগাযোগ ব্যবস্থায় শিল্পায়ন সহায়ক ব্যবস্থা।

শিল্প শ্রেণিবিন্যাস

নীতিমালায় শিল্প খাতকে কয়েকভাবে শ্রেণিবদ্ধ করা হয়েছে:

১। আকারভেদে: কুটির, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ শিল্প।
২। কাঠামোভেদে: রপ্তানিমুখী, আমদানি বিকল্প, স্থানীয় বাজারভিত্তিক শিল্প।
৩। অগ্রাধিকারভিত্তিক খাত: কৃষিভিত্তিক শিল্প, আইসিটি, চামড়া, ওষুধ, হালকা প্রকৌশল, জাহাজ নির্মাণ, অটোমোবাইল ইত্যাদি।
৪। উদীয়মান খাত: বায়োটেকনোলজি, ন্যানোটেকনোলজি, কৃত্রিম বুদ্ধিমত্তা, নবায়নযোগ্য জ্বালানি।

বিশেষ দিকনির্দেশনা

- নারী ও যুব উদ্যোক্তা: ঋণপ্রাপ্তি সহজীকরণ, বাজারে প্রবেশের সুযোগ বৃদ্ধি, প্রশিক্ষণ।
- আঞ্চলিক ভারসাম্য: প্রত্যন্ত অঞ্চলে শিল্প স্থাপনে প্রণোদনা, যাতে গ্রামীণ শিল্প উন্নত হয়।
- গবেষণা ও উদ্ভাবন: বিশ্ববিদ্যালয় ও শিল্পখাতের সমন্বয়, গবেষণাভিত্তিক শিল্প গড়ে তোলা।
- টেকসই উন্নয়ন লক্ষ্য (SDGs) অর্জন: শিল্পায়নের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ, সাশ্রয়ী জ্বালানি, কর্মসংস্থান, এবং জলবায়ু সহনশীল অর্থনীতি।

চ্যালেঞ্জসমূহ

- জ্বালানি সংকট ও উচ্চ ব্যয়।
- প্রযুক্তিগত দক্ষতার অভাব।
- অবকাঠামোগত সীমাবদ্ধতা।
- পরিবেশ দূষণ ও জলবায়ু ঝুঁকি।
- আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতা বৃদ্ধি

নীতিতে শিল্পায়নের পথে সম্ভাব্য চ্যালেঞ্জ ও সুযোগ নিয়ে আলাদা ধারা রয়েছে। ধারা ৭.১ অনুযায়ী প্রধান চ্যালেঞ্জগুলোর মধ্যে রয়েছে জ্বালানি ও বিদ্যুৎ সংকট, প্রযুক্তিগত দক্ষতার অভাব, অবকাঠামোগত সীমাবদ্ধতা, পরিবেশ দূষণ ও আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতা বৃদ্ধি। তবে সুযোগও কম নয়। ধারা ৭.২-এ উল্লেখ করা হয়েছে যে বাংলাদেশের ভৌগোলিক অবস্থান, তরুণ জনশক্তি, কৃষিভিত্তিক শিল্পে বিপুল সম্ভাবনা, চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি গ্রহণ এবং আঞ্চলিক সহযোগিতা চুক্তি (সার্ক, বিমসটেক, এফটিএ ইত্যাদি) শিল্পায়নের জন্য নতুন দিগন্ত উন্মোচন করবে।

সার্বিকভাবে শিল্পনীতি ২০২২ বাংলাদেশের শিল্পায়নকে একটি নতুন পর্যায়ে নিয়ে যাওয়ার রূপরেখা। এটি শুধু শিল্পের সংখ্যা বৃদ্ধির কৌশল নয়, বরং মানোন্নয়ন, প্রযুক্তি গ্রহণ, পরিবেশ সংরক্ষণ ও সামাজিক অন্তর্ভুক্তি নিশ্চিত করার একটি সামগ্রিক নীতি। অগ্রাধিকারপ্রাপ্ত খাতের জন্য নির্দিষ্ট ধারা যুক্ত করে নীতিটি একটি বাস্তবমুখী রূপ পেয়েছে। সঠিক বাস্তবায়ন হলে, এটি অর্থনীতিকে বহুমুখী করবে, ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি করবে এবং ২০৪১ সালের উন্নত বাংলাদেশ গঠনে শিল্প খাতকে মূল চালিকাশক্তি হিসেবে প্রতিষ্ঠিত করবে।

কিছু গুরুত্বপূর্ণ অধ্যায়

অপ্রাতিষ্ঠানিক খাতের উন্নয়ন (অধ্যায় ৫)

অপ্রাতিষ্ঠানিক খাতকে প্রাতিষ্ঠানিক কাঠামোয় আনার জন্য জাতীয় কর্মপরিকল্পনা গ্রহণ করা হবে (ধারা ৫.১)। এসএমই ফাউন্ডেশন, বিসিক ও NSDA এর মাধ্যমে উদ্যোক্তাদের প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়ন এবং নিবন্ধন কার্যক্রম জোরদার করা হবে। একটি জাতীয় ইনফরমাল সেক্টর ডেটাবেজ গঠন করা হবে (ধারা ৫.৭.১) এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে নিবন্ধন সহজ করা হবে। এছাড়া SDG-৮ এর আলোকে কর্মীদের জন্য শোভন কর্মপরিবেশ নিশ্চিত করার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে (ধারা ৫.৫)।

নতুন উদ্যোক্তা সৃষ্টি ও উন্নয়ন (অধ্যায় ৬)

ব্যবসা নিবন্ধন প্রক্রিয়া সহজ করা, অনলাইন লাইসেন্স ও ছাড়পত্র ব্যবস্থা চালু করা এবং বিজনেস ইনকিউবেশন সেন্টার স্থাপন (ধারা ৬.১.৪) এই অধ্যায়ের প্রধান উদ্যোগ। তরুণ উদ্যোক্তাদের উৎসাহিত করতে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ব্যবসা পরিকল্পনা প্রতিযোগিতা আয়োজনের পরিকল্পনা রয়েছে। স্টার্টআপ উদ্যোক্তাদের জন্য বাংলাদেশ ব্যাংক স্টার্ট-আপ ফিন্যান্সিং স্কিম চালু করবে।

নারী উদ্যোক্তাদের ক্ষমতায়ন (অধ্যায় ৭)

নারী উদ্যোক্তাদের শিল্পে সম্পৃক্ত করতে নীতিতে ব্যাপক ব্যবস্থা নেওয়া হয়েছে। এসএমই খাতে মোট বরাদ্দের ন্যূনতম ২৫ শতাংশ নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষিত থাকবে (ধারা ৭.৪.৪)। অর্থনৈতিক অঞ্চল, হাইটেক পার্ক ও শিল্পপার্কে প্লট বরাদ্দের অন্তত ১৫ শতাংশ নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষণ করা হবে (ধারা ৭.৪.১০)। রপ্তানি বৃদ্ধির জন্য নারী উদ্যোক্তাদের বিশেষ প্রণোদনা দেওয়ার নির্দেশনা আছে (ধারা ৭.৪.৯)।

আঞ্চলিক ভারসাম্য ও অনগ্রসর এলাকা (অধ্যায় ৮)

ধারা ৮.১ অনুযায়ী, অনগ্রসর এলাকায় শিল্প নগরী/শিল্প পার্ক স্থাপনের জন্য সরকারি সম্পদ বরাদ্দ দেওয়া হবে। ধারা ৮.২ তে সরকারি খাসজমি ও অব্যবহৃত শিল্প জমি ব্যবহার করে নতুন শিল্প স্থাপনের কথা বলা হয়েছে। উদ্দেশ্য হলো আঞ্চলিক বৈষম্য হ্রাস এবং সুষম শিল্পায়ন।

উৎপাদনশীলতা উন্নয়ন (অধ্যায় ১০)

শ্রমিক ও শিল্প উভয় স্তরে উৎপাদনশীলতা বাড়ানোর জন্য ন্যাশনাল প্রোডাক্টিভিটি মাস্টার প্ল্যান (২০২১-২০৩০) বাস্তবায়ন করা হবে (ধারা ১০.৪)। প্রতিটি শিল্পে "প্রোডাক্টিভিটি ডেভেলপমেন্ট অফিসার" নিয়োগের পরিকল্পনা রয়েছে (ধারা ১০.৭)। এছাড়া উৎপাদনশীল প্রতিষ্ঠানগুলোকে "Productivity and Quality Excellence Award" প্রদান করা হবে (ধারা ১০.১০)।

মেধাসম্পদ ব্যবস্থাপনা ও গুণগত মান (অধ্যায় ১১)

মেধাসম্পদ আইনকে আন্তর্জাতিক চুক্তি TRIPS এর সাথে সামঞ্জস্যপূর্ণ করার নির্দেশনা দেওয়া হয়েছে (ধারা ১১.২)। দেশীয় মান সনদপ্রাপ্ত পণ্য সরকারি ক্রয়ে অগ্রাধিকার পাবে (ধারা ১১.৪) এবং আমদানিকৃত পণ্যের ক্ষেত্রেও দেশীয় মান সনদ বাধ্যতামূলক হবে (ধারা ১১.৫)। ভৌগোলিক নির্দেশক (GI) পণ্য সংরক্ষণ ও বাণিজ্যিকীকরণকে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয়েছে (ধারা ১১.১২)।

আমদানি বিকল্প শিল্প (অধ্যায় ১২)

আমদানি নির্ভরতা কমাতে এই অধ্যায়ে বিশেষ প্রণোদনা ঘোষণা করা হয়েছে। ধারা ১২.১ অনুযায়ী, আমদানি বিকল্প পণ্য উৎপাদনে ভর্তুকি, কর ছাড় এবং শুল্ক অব্যাহতি দেওয়া হবে। ধারা ১২.২ তে বলা হয়েছে, পশ্চাৎ সংযোগ শিল্প ও অগ্রাধিকার খাতে যুগোপযোগী বিনিয়োগ প্রণোদনা দেওয়া হবে।

২। রপ্তানি নীতিমালা ২০২৪-২৭: সারসংক্ষেপ এবং লাইট ইঞ্জিনিয়ারিং খাতের জন্য উদ্যোগ

ওয়েব লিঙ্ক: https://mincom.gov.bd/pages/policies/export-policy-2024-2027-english-version-f6bfc2-69403139c4774958d7b41ce2

রপ্তানি নীতিমালা ২০২৪-২৭ বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক প্রণীত একটি ৩-বছর মেয়াদি নীতি, যা বৈশ্বিক বাণিজ্য পরিস্থিতি, রপ্তানি খাতের প্রয়োজন এবং দেশে কর্মসংস্থান বৃদ্ধি, উৎপাদন সক্ষমতা সম্প্রসারণ, প্রতিযোগিতা বৃদ্ধির লক্ষ্য নিয়ে প্রস্তুত করা হয়েছে। নীতিটি ৩০ জুন ২০২৭ পর্যন্ত কার্যকর এবং দেশব্যাপী প্রযোজ্য; তবে বেপজা, বেজা এবং হাইটেক পার্ক অথরিটি এলাকার জন্য আলাদা বিধান প্রযোজ্য। শুল্ক ও করসংক্রান্ত বিষয়ে এনবিআর ও জাতীয় বাজেটের সিদ্ধান্ত অগ্রাধিকার পাবে।

নীতির উদ্দেশ্য হলো রপ্তানি আয়ের দ্রুত বৃদ্ধি, উৎপাদন সক্ষমতা সম্প্রসারণ, বৈদেশিক বাজারে অবস্থান শক্তিশালী করা এবং দারিদ্র্য হ্রাসে অবদান রাখা। দেশকে ২০৩১ সালের মধ্যে উচ্চ-মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উচ্চ আয়ের দেশে উন্নীত করার লক্ষ্য সামনে রেখে বাজার ও পণ্যের বৈচিত্র্য, বৈশ্বিক মূল্য শৃঙ্খলে সংযুক্তির জন্য বিনিয়োগ সহায়তা এবং বাণিজ্য ব্যবস্থার আধুনিকায়নকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। এছাড়া দ্বিপাক্ষিক/বহুপাক্ষিক বাণিজ্যচুক্তি, মুক্ত বাণিজ্য চুক্তি (FTA) এবং এলডিসি উত্তরণের জন্য আর্থিক প্রণোদনার বিকল্প ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। ২০২৪-২৭ মেয়াদে রপ্তানি আয় ১১০ বিলিয়ন ডলার অর্জন এ নীতির লক্ষ্যমাত্রা।

দীর্ঘমেয়াদি কৌশলগত দৃষ্টিভঙ্গিতে কর্মসংস্থান, অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন, জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ, চতুর্থ শিল্পবিপ্লব ও এলডিসি উত্তরণকে বিবেচনায় নেওয়া হয়েছে। পরিবেশবান্ধব প্রযুক্তি, সার্কুলার ইকোনমি ব্যবহারে উৎসাহ এবং জলবায়ু সহনশীল শিল্প উন্নয়নের জন্য প্রণোদনা দেওয়ার কথা উল্লেখ করা হয়।

নীতির সাধারণ নিয়মাবলিতে রপ্তানিযোগ্য পণ্য, রপ্তানি প্রক্রিয়ার ধাপ, স্যাম্পল রপ্তানি, এনট্রেপোট ট্রেড, পুনরায় আমদানি, গুণগতমান সার্টিফিকেট, রপ্তানি বিবাদ নিষ্পত্তি ইত্যাদি বিষয় বিস্তারিত ব্যাখ্যা করা হয়েছে। সর্বোচ্চ অগ্রাধিকার খাত এবং বিশেষ উন্নয়ন খাতকে স্বল্পসুদে ঋণ, কর রেয়াত, ডিউটি ড্র-ব্যাক, বন্ড সুবিধা, লিংকেজ শিল্প উন্নয়ন, যন্ত্রপাতি শুল্কমুক্ত আমদানির সুযোগসহ বিভিন্ন সহায়তা প্রদান করা হবে। নীতির ৭ম অধ্যায়ে ২৯টি সহায়ক ব্যবস্থার কথা উল্লেখ আছে, যেমন নগদ প্রণোদনা, বিশেষ বন্ডেড ওয়্যারহাউজ, লেটার অব ক্রেডিট, এক্সপোর্ট ডেভেলপমেন্ট ফান্ড, ভ্যাট অব্যাহতি ও ফেরত, সুদ ভর্তুকি ইত্যাদি।

রপ্তানি নীতির উদ্দেশ্য (ধারা ২.২)

বাংলাদেশের রপ্তানি নীতির মূল উদ্দেশ্য হলো–

- রপ্তানি প্রবৃদ্ধি ত্বরান্বিত করা
- উৎপাদন সক্ষমতা বৃদ্ধি
- কর্মসংস্থান সৃষ্টি
- ন্যায্য বাণিজ্য ভারসাম্য রক্ষা
- জাতীয় অর্থনীতিতে তাৎপর্যপূর্ণ অবদান রেখে দারিদ্র্য হ্রাসে ভূমিকা রাখা।

এছাড়া প্রতিযোগিতামূলক বৈশ্বিক বাণিজ্যে বাংলাদেশের অবস্থানকে আরও দৃঢ় করতে রপ্তানি-বান্ধব ও ব্যবসা-সহায়ক পরিবেশ গড়ে তোলাই এই নীতির লক্ষ্য।

নীতির দীর্ঘমেয়াদি উদ্দেশ্যসমূহ–

- উচ্চ রপ্তানি প্রবৃদ্ধির ধারাবাহিকতা বজায় রাখা
- রপ্তানি খাতের প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধি
- ২০৩১ সালের মধ্যে উচ্চ-মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত হওয়ার লক্ষ্যে রপ্তানির ভূমিকা সুসংহত করা।

এই লক্ষ্য অর্জনে নীতি গুরুত্ব দিয়েছে–

- পণ্য ও বাজার বৈচিত্র্যকরণ
- বৈশ্বিক ভ্যালু চেইনে যুক্ত হওয়ার জন্য বিনিয়োগ সহায়তা
- বাণিজ্য নীতির আধুনিকায়ন
- দ্বিপাক্ষিক, বহুপাক্ষিক ও মুক্ত বাণিজ্য চুক্তির মাধ্যমে দীর্ঘমেয়াদি বাণিজ্য সম্পর্ক উন্নয়ন
- এলডিসি উত্তরণের পর আর্থিক প্রণোদনার পরিবর্তে বিকল্প নীতি সহায়তা প্রবর্তন।

২০২৪-২৭ মেয়াদে ১১০ বিলিয়ন মার্কিন ডলার রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা অর্জনে নীতিটি একটি সহায়ক বাণিজ্য পরিবেশ গড়ে তোলার লক্ষ্য স্থির করেছে।

দীর্ঘমেয়াদি কৌশলগত দৃষ্টিভঙ্গি (ধারা ১.৩)

নীতির দীর্ঘমেয়াদি দৃষ্টিভঙ্গিতে নিম্নোক্ত বৈশ্বিক ও দেশীয় চ্যালেঞ্জসমূহ বিবেচনায় নেওয়া হয়েছে–

- কর্মসংস্থান সৃষ্টি
- অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন
- জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব
- চতুর্থ শিল্প বিপ্লবের সম্ভাবনা ও ঝুঁকি
- এলডিসি উত্তরণের পর উদ্ভূত চ্যালেঞ্জ।

রপ্তানি নীতি ২০২৪-২৭ বিশেষ গুরুত্ব দিয়েছে–

- পণ্য ও সেবা বৈচিত্র্যকরণ
- বাজার সম্প্রসারণ
- সকল রপ্তানি খাতে সমন্বিত সহায়তা প্রদান
- সক্ষমতা উন্নয়ন
- রপ্তানি সম্প্রসারণ, এবং
- শিল্পভিত্তিক রপ্তানি বৃদ্ধির ওপর বিশেষ নজর।

জলবায়ু পরিবর্তন মোকাবিলায় পদক্ষেপ (ধারা ১.৭)

রপ্তানি নীতি স্বীকার করেছে যে–

বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব বর্তমানে অতীতের যেকোনো সময়ের তুলনায় বেশি। বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা অনুযায়ী বাংলাদেশ অন্যতম জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশ।

জলবায়ু পরিবর্তনের প্রভাবসমূহ:

- ভূগর্ভস্থ পানির স্তর হ্রাস
- মাটির উর্বরতা কমে যাওয়া
- খাদ্য নিরাপত্তা সংকট
- পরিবেশগত ভারসাম্য বিঘ্নিত হওয়া
- তাপমাত্রা বৃদ্ধি
- ওজোন ক্ষয়।

এ কারণে নীতিতে অন্তর্ভুক্ত হয়েছে–

- পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহারে প্রণোদনা
- চক্রাকার অর্থনীতির কৌশল
- গ্রিনহাউস গ্যাস নিঃসরণ হ্রাসে উদ্যোগ
- জলবায়ু পরিবর্তন মোকাবিলায় সক্ষম শিল্প স্থাপনে উৎসাহ প্রদান
- টেকসই উন্নয়ন নিশ্চিতকরণে প্রয়োজনীয় নীতি সহায়তা।

রপ্তানি নীতিতে বর্ণিত সাধারণ বিধান ও সুবিধা (লাইট ইঞ্জিনিয়ারিং খাতেও প্রযোজ্য)

রপ্তানি প্রক্রিয়া ও বিধানসমূহ পঞ্চম অধ্যায়ে বর্ণিত হয়েছে, যার মধ্যে অন্তর্ভুক্ত–

- ৫.১: রপ্তানিযোগ্য পণ্য (নিষিদ্ধ ও শর্তাধীন পণ্য ব্যতীত)
- ৫.২: রপ্তানি প্রক্রিয়ার ১৪টি ধাপ
- ৫.৩: রপ্তানিযোগ্য পণ্য নিয়ন্ত্রণ
- ৫.৩.৩.২: নমুনা রপ্তানির শর্তাবলি
- ৫.৫.১: এনট্রেপোট ট্রেড ও পুনরায় রপ্তানি
- ৫.৬: বিদেশি ক্রেতার এল/সি-এর বিপরীতে রপ্তানি
- ৫.৭: পুনরায় আমদানির জন্য অস্থায়ী রপ্তানি
- ৫.৭.৩: Frustrated Cargo পুনরায় রপ্তানি
- ৫.৮.১: মান নিয়ন্ত্রণ সনদ
- ৫.৮.২: মানসম্মততার শর্ত
- ৫.৯: বাণিজ্যিক বিরোধ নিষ্পত্তি।

বিশেষ সুবিধা (ধারা ৬.৫)

সর্বোচ্চ অগ্রাধিকার ও বিশেষ উন্নয়ন খাতসমূহের জন্য প্রযোজ্য সুবিধা:

- প্রকল্প ঋণ ও স্বল্প সুদের রপ্তানি ঋণ
- আয়কর রেয়াত
- ইউটিলিটিতে সম্ভাব্য ভর্তুকি
- বিমান পরিবহনে অগ্রাধিকার সুবিধা
- ডিউটি ড্র-ব্যাক ও বন্ড সুবিধা
- লিংকেজ ইন্ডাস্ট্রি উন্নয়ন সহায়তা
- মান নিয়ন্ত্রণ সুবিধা
- যন্ত্রপাতি শুল্কমুক্ত আমদানি
- উৎপাদন, বিপণন ও বাজার অনুসন্ধানে সহায়তা
- বিদেশি বিনিয়োগ আকর্ষণে উদ্যোগ।

রপ্তানি সম্প্রসারণের সহায়ক ব্যবস্থা (অধ্যায় ৭)

২৫ এর বেশি ধরনের নীতি সহায়তার মধ্যে প্রধানগুলো–

- ডিউটি ড্র-ব্যাক
- সুদ ভর্তুকি
- বিশেষ বন্ডেড ওয়্যারহাউজ
- ব্যাক টু ব্যাক এল/সি
- ইপিজেড সুবিধা
- যন্ত্রপাতি আমদানিতে সুবিধা
- নগদ প্রণোদনা
- আয়কর রেয়াত
- মুদ্রা সংরক্ষণ সুবিধা
- রপ্তানি ঋণ গ্যারান্টি স্কিম
- ইডিএফ
- রপ্তানিতে ভ্যাট ছাড়
- রপ্তানি সহায়ক সেবায় ভ্যাট ফেরত ইত্যাদি।

লাইট ইঞ্জিনিয়ারিং খাত সম্পর্কিত নির্দেশনা

শিল্পনীতি-সংজ্ঞায় (অধ্যায় ৪) লাইট ইঞ্জিনিয়ারিং পণ্যের ব্যাখ্যা যুক্ত করা হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয়ের আওতায় ইতোমধ্যে ৮টি বিজনেস প্রমোশন কাউন্সিল গঠিত হয়েছে; লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টর এ তালিকায় রয়েছে। নীতির অগ্রাধিকার খাতে (Clause 6.3) লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য (অটোপার্টস, সাইকেল পার্টস, ব্যাটারি, মোটরসাইকেল ইত্যাদি) অন্তর্ভুক্ত করা হয়েছে।

অধ্যায় ৮-এ লাইট ইঞ্জিনিয়ারিং খাতের জন্য বিশেষ সুবিধাসমূহ উল্লেখ করা হয়েছে– ঢাকার নিকটে "লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার ভিলেজ" প্রতিষ্ঠা, আধুনিক পরীক্ষাগার ও সাধারণ সুবিধা কেন্দ্র, গবেষণা ও দক্ষতা উন্নয়ন প্রোগ্রাম, প্রযুক্তি উন্নয়নের জন্য স্বল্প সুদে ঋণ, আন্তর্জাতিক বাজারে রপ্তানি সম্প্রসারণ, পরিবেশবান্ধব শিল্পায়নের উৎসাহ, শ্রমিক দক্ষতা বৃদ্ধি, এবং কাঁচামাল আমদানিতে শুল্কহার যৌক্তিকীকরণ ও দীর্ঘমেয়াদি কর অব্যাহতি।

৩. আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪: সারাংশ

ওয়েব লিঙ্ক: https://surl.lu/mqdtqo

আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ Imports and Exports (Control) Act, ১৯৫০ এর ধারা ৩(১) অনুসারে জারি বাংলাদেশের আমদানিকৃত, নিয়ন্ত্রণ করে। এই অর্ডারের উদ্দেশ্য হলো শিল্পবৃদ্ধি সমর্থন, দেশীয় শিল্প রক্ষা ও দেশের ভারসাম্য ও বৈদেশিক রিজার্ভ স্থিতিশীলতা নিশ্চিত করে এক স্বচ্ছ ও শৃঙ্খল আমদানি প্রক্রিয়া বজায় রাখা।

উদ্দেশ্য ও প্রযোজ্যতা

আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ সরকারীভাবে ১৯ এপ্রিল ২০২২ (৬ বৈশাখ ১৪২৯ বাংলা) তারিখে S.R.O. নং ৮৫-Ain/২০২২ এর মাধ্যমে জারি করা হয় এবং গেজেটে প্রকাশিত হতেই এটি প্রযোজ্য হয়। নীতিটি ২০২১-২০২৪ মেয়াদের জন্য নির্ধারিত থাকলেও, নতুন কোনো অর্ডার না করা পর্যন্ত এটি প্রযোজ্য হিসেবে বহাল থাকে। নীতির প্রধান লক্ষ্যগুলো হলো: রাষ্ট্রীয় অর্থনৈতিক নীতি, শিল্পোন্নয়ন, রপ্তানির বৈচিত্র্যকরণ এবং ব্যালেন্স অব পেমেন্টের সুরক্ষা অনুযায়ী আমদানি নিয়ন্ত্রন, ব্যবস্থাপনা ও তদারকি করা।

সংজ্ঞা (ধারা ২)

আদেশে নতুন কিছু সংজ্ঞা স্পষ্ট করা হয়েছে– যেমন "entre-port trade" (ধারা ২(১)), "Internationally recognised surveying organisation" (ধারা ২(৩)), "Import Control Authority" (ধারা ২(৫)), "Importer" (ধারা ২(৪)), "Import base" (ধারা ২(৬)) ইত্যাদি। ক্লিয়ার করা হয়েছে যে পণ্য শনাক্তকরণে H.S. কোড ব্যবহারের ব্যবস্থা আদ্যোপান্ত বাধ্যতামূলক, যা Customs Act, ১৯৬৯ অনুযায়ী প্রয়োগযোগ্য।

উল্লেখযোগ্য নতুন বিধানসমূহ (সংক্ষেপে)

ক. ক্ষুদ্র ব্যবহারকারীদের জন্য 'পারমিট-ফ্রি' আমদানি সম্প্রসারণ
নতুন আদেশের আওতায় নিবন্ধিত আমদানিকারক না-হওয়া ব্যক্তি/প্রতিষ্ঠানও ফরেন ক্যাশ পেমেন্টের আওতায় ব্যক্তিগত ব্যবহারের জন্য ১০,০০০ ডলার পর্যন্ত অনুমোদিত পণ্য আমদানি করতে পারবে (নির্দিষ্ট শর্তাধীন)।

খ. H.S. কোডের স্পষ্ট বাধ্যবাধকতা
প্রতিটি পণ্যের জন্য Customs Act, ১৯৬৯ এর First Schedule অনুযায়ী ৮-অঙ্ক বা তার উপরে H.S. কোড ব্যবহার নিশ্চিত করা বাধ্যতামূলক করা হয়েছে (ধারা ২(৫)(০১) / অধ্যায় ২, ধারা ৫(০১))।

গ. নমুনা (Sample) আমদানির শর্তাবলি সংশোধন
নমুনা আমদানির মূল্যসীমা বৃদ্ধি করা হয়েছে–উদাহরণস্বরূপ বিদেশী উৎপাদকদের জন্য বাংলাদেশে কার্যরত ক্ষেত্রে ৫,০০০ ডলার পর্যন্ত অনুমোদন। নির্দিষ্ট ক্ষেত্রে LC খোলার অবলম্বন ব্যতিরেকে নমুনা আমদানির সুযোগ রাখা হয়েছে।

উ. বিশেষ শিল্প/রপ্তানিভিত্তিক সুবিধা
রপ্তানিমুখী বিশেষ টেক্সটাইল ইউনিটগুলোর জন্য:
- সুপারভাইজড বন্ডেড ওয়্যারহাউসের মাধ্যমে ব্যাক-টু-ব্যাক LC ছাড়া কাঁচামাল আমদানির মেয়াদ ৪ থেকে ৬ মাস করা হয়েছে।
- উৎপাদনক্ষমতার শতাংশ হিসেবে অনুমোদিত কাঁচামালের অনুপাত ৩৩% থেকে ৫০% পর্যন্ত বৃদ্ধি পেয়েছে।

ঘ. পূর্বের আইনগুলোর স্বীকৃতি ও প্রাধান্য ধারা (ধারা ৪)
আদেশে বলা হয়েছে যদি অন্য কোনো আইন বা বিজ্ঞপ্তি (যেমন Finance Act) এর বিধান থাকলে তা এই আদেশের উপর প্রাধান্য পাবে।

ঙ. Entre-port trade সংজ্ঞা ও শর্তাবলি (ধারা ২(১))
Entre-port trade ধারণা রক্ষা করা হলেও, এমন পণ্য যদি কোনো পোর্টে আসে এবং পোর্টের সীমা ছাড়াই পুনরায় রপ্তানি করা হয়, তাহলে ন্যূনতম ৫% মূল্য-সংযোজন (value-addition) বাধ্যতামূলক করা হয়েছে।

চ. যৌথ/ক্লাস্টার আমদানি ব্যবস্থার পরিবর্তন
শিল্পভোক্তারা অন্য শিল্পভোক্তাদের সাথে দল (group) গঠন করে যৌথভাবে আমদানি করতে পারবে; একইভাবে বাণিজ্যিক আমদানিকারীরা নিজেদের মধ্যে দল গঠন করে যৌথ আমদানি করতে পারবে।

ছ. অংশিক রপ্তানির জন্য শুল্কমুক্ত কাঁচামাল আমদানি
অধ্যায় ৪, ধারা ২১(৪) অনুযায়ী ব্যাঙ্ক গ্যারান্টি, UP/UD এবং entitlement প্রমাণের বিনিময়ে শুল্কমুক্ত কাঁচামাল আমদানির বিধান রাখা হয়েছে (শর্তসাপেক্ষ)।

আমদানি সম্পর্কিত সাধারণ শর্তাবলি (ধারা ৫)

- প্রতিটি আমদানিতে H.S. কোড ব্যবহার বাধ্যতামূলক (আর্টিকেল ৫(১)).
- সীমিত/নিষিদ্ধ পণ্যের জন্য No Objection Certificate (NOC) প্রয়োজন।
- প্রি-শিপমেন্ট ইন্সপেকশন (Art. 5(3)) মান নিয়ন্ত্রণের জন্য প্রযোজ্য।
- প্রতিযোগিতামূলক মূল্য-নিশ্চিতকরণ (Art. 5(4))–আমদানিকারকদের একাধিক কোটেশন সংগ্রহের বাধ্যবাধকতা।
- Incoterms ব্যবহারের অনুশাসন (Art. 5(5)): FOB, CIF বা CIP শর্তে আমদানির সুযোগ রাখার বিষয়টি Foreign Exchange Regulation Act, ১৯৪৭ অনুযায়ী সংগতিশীল হতে হবে।
- Country of Origin সার্টিফিকেট (Art. 5(6)) বাধ্যতামূলক–ট্রেসেবিলিটি ও কপিরাইট/ইন্টেলেকচয়াল প্রপার্টি সুরক্ষার জন্য।

আমদানি পদ্ধতি (ধারা ৮)

সাধারণত আমদানি-লেনদেনের জন্য LCA ফরম ও অপরিবর্তনীয় (irrevocable) Letter of Credit (LC) আবশ্যক, কেবল নির্দিষ্ট এক্সেম্পশন/ওয়েভার থাকলেই বাদ।

অন্যান্য উল্লেখযোগ্য পদ্ধতিগত দিক:

- বই, জার্নাল বা স্বল্পমূল্যের কাঁচামালের জন্য LC ব্যতিরেকে আমদানির সুযোগ রাখা আছে।
- প্রবাসী/এক্সপ্যাট্রিয়েট বাংলাদেশি ব্যক্তিদের জন্য সরাসরি বিদেশে অর্থপ্রদান অনুমোদিত (Art. 8(7)).
- LC খোলার সময়সীমা ১৮০ দিন (Art. 8(8)), এবং পণ্য শিপিংয়ের জন্য ৯-১৭ মাসের মধ্যেই শর্তভেদে শিপিং করণীয়।
- কোনো শিপমেন্ট LC খোলার পূর্বে হলে বা LC মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরে পাঠানো হলে তা অবৈধ ধরা হবে (Art. 8(14)).

ব্যাংকগুলোকে LC খোলার আগে আমদানিকারকের নিবন্ধন, ট্যাক্স কমপলাইন্স এবং বীমা কভারেজ যাচাই করার দায়িত্ব দেয়া হয়েছে।

বিশেষ আমদানি বিধান (অধ্যায় ৪) – সংক্ষিপ্ত সারমর্ম

- Joint Import (Art. 10): আমদানিকারীরা গোষ্ঠী গঠন করে যৌথ আমদানি করতে পারবে।
- Imports by Actual Users (Art. 11): বাস্তব ব্যবহারকারী ব্যক্তি/প্রতিষ্ঠান ব্যক্তিগত ব্যবহারের জন্য ৭,০০০ ডলার পর্যন্ত আমদানির সুযোগ পাবে।
- Import by Expatriate Professionals (Art. 12): প্রবাসী পেশাজীবীরা টুলস ও সরঞ্জাম সীমাবদ্ধতা ছাড়া আমদানি করতে পারবেন।
- Import of Samples and Gifts (Art. 13): নমুনা/প্রচারণা উপকরণ ৩,০০,০০০ টাকা পর্যন্ত অনুমতি থাকলেই অনুমোদন ছাড়া আনা যাবে (শর্তসাপেক্ষ)।
- Temporary Import for Re-export (Art. 14): প্রদর্শনী, পুনঃপ্রক্রিয়াকরণ বা প্রদর্শনীর জন্য আমদানিকৃত মেশিনারি/পণ্য এক বছরের মধ্যে পুনরায় রপ্তানি করলে সময়সীমা অনুযায়ী অনুমোদিত।

BEZ ও EPZ-এ আমদানির নির্দিষ্ট বিধান (Art. 14)

Bangladesh Economic Zones (BEZ) ও Export Processing Zones (EPZ) তে আমদানি সাধারণ আমদানির নিয়মের বাইরে– তবে নিষিদ্ধ বা সীমিত পণ্যের ক্ষেত্রে নিষেধাজ্ঞা প্রযোজ্য থাকবে। ওইসব বিনিয়োগ বা বাণিজ্যিক এলাকায় বাংলাদেশ ব্যাংক ও এনবিআর এর বিধি-নির্দেশনা মেনে চলা বাধ্যতামূলক।

খাদ্য আমদানি নিয়ন্ত্রণ (Art. 16)

খাদ্যপণ্য আমদানির ক্ষেত্রে কঠোর স্বাস্থ্য ও সুরক্ষা বিধি আরোপ করা হয়েছে:

- দুধ, খাদ্যদ্রব্য ও ভোজ্য তেল রেডিওঅ্যাকটিভিটি ও মেলামিন পরীক্ষা বাধ্যতামূলক।
- রপ্তানিকারী দেশের কর্তৃপক্ষের সনদপত্র (competent authority certificate) থাকতেই হবে।
- উপরোক্ত পরীক্ষা-শর্ত পূরণ হলে পোর্ট থেকে পণ্য মুক্তির অনুমতি দেয়া হবে।

উপসংহার

ইম্পোর্ট পলিসি অর্ডার ২০২১-২০২৪ একটি সমন্বিত ও বিস্তৃত নিয়ন্ত্রক কাঠামো স্থাপন করে যা উন্মুক্ত বাণিজ্য এবং দেশীয় শিল্প রক্ষার মধ্যে ভারসাম্য বজায় রাখে। H.S. কোড বাধ্যতামূলককরণ, নমুনা ও বিশেষ রপ্তানিমুখী সুবিধাসমূহ, যৌথ আমদানি ও BEZ/EPZ-সংক্রান্ত বিশেষ ধারা–এসব মিলিয়ে আমদানি শৃঙ্খলা, প্রতিযোগিতামূলক মূল্যনিশ্চিতকরণ ও ভোক্তা-সুরক্ষা জোরদার করার দিকে অর্ডারটি বেশ কার্যকর ভূমিকা রেখে থাকে। ধারা ৩-৫, ৮-৯ ও ১০-১৬ এই ধারাগুলোতে আমদানি প্রক্রিয়া, অনুবর্তিতা ও খাতভিত্তিক নিরাপত্তা বিধান বোঝার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

৪. কারখানা আইন, ১৯৬৫ (বাংলাদেশ) এর সারসংক্ষেপ

ওয়েব লিঙ্ক: http://182.160.97.198:8080/xmlui/bitstream/handle/123456789/911/The%20Factories%20act%2C%201965.pdf?sequence=3

কারখানা আইন, ১৯৬৫ বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ আইন, যা কারখানায় কর্মরত শ্রমিকদের নিরাপত্তা, স্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে কর্মপরিবেশ নিয়ন্ত্রণ করে। এটি শিল্প প্রতিষ্ঠানে কাজের পরিবেশ পরিচালনার জন্য একটি আইনি কাঠামো প্রদান করে, যেখানে পেশাগত নিরাপত্তা, শ্রমিক কল্যাণ এবং শ্রম অধিকারের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে। শিল্পোন্নয়নের পাশাপাশি শ্রমিকদের শোষণ ও ঝুঁকিপূর্ণ কর্মপরিবেশ থেকে সুরক্ষিত রাখার ক্ষেত্রে এ আইন অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

উদ্দেশ্য ও প্রয়োগক্ষেত্র

কারখানা আইন, ১৯৬৫-এর মূল উদ্দেশ্য হলো কারখানায় নিয়োজিত শ্রমিকদের স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষা করা এবং তাদের কর্মঘণ্টা ও কর্মপরিবেশ নিয়ন্ত্রণ করা। বিদ্যুৎচালিত কারখানায় যেখানে কমপক্ষে ১০ জন শ্রমিক এবং বিদ্যুৎবিহীন কারখানায় যেখানে কমপক্ষে ২০ জন শ্রমিক কাজ করে, সেখানে এ আইন প্রযোজ্য। টেক্সটাইল, তৈরি পোশাক, ফার্মাসিউটিক্যাল, কেমিক্যাল ও ইঞ্জিনিয়ারিং প্ল্যান্টসহ বিভিন্ন উৎপাদনমুখী শিল্প প্রতিষ্ঠান এই আইনের আওতাভুক্ত।

এই আইনে মূলত তিনটি ক্ষেত্রকে গুরুত্ব দেওয়া হয়েছে: স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণ। পেশাগত ঝুঁকি প্রতিরোধ, স্বাস্থ্যসম্মত কাজের পরিবেশ নিশ্চিতকরণ, বিশ্রাম ও বিনোদনের সুযোগ প্রদান এবং শ্রমিকদের শোষণ রোধে কর্মঘণ্টা নিয়ন্ত্রণের জন্য নির্দিষ্ট মানদণ্ড নির্ধারণ করা হয়েছে।

মূল বিধানসমূহ

১. স্বাস্থ্য বিষয়ক ব্যবস্থা

আইন অনুযায়ী কারখানা মালিককে কারখানার অভ্যন্তরে পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধি বজায় রাখতে হবে। পর্যাপ্ত বায়ু চলাচল, আলো এবং তাপমাত্রা নিয়ন্ত্রণ নিশ্চিত করতে হবে। নিরাপদ পানীয় জলের ব্যবস্থা, বর্জ্য অপসারণ এবং ক্ষতিকর ধোঁয়া ও ধূলিকণার বিরুদ্ধে প্রয়োজনীয় সতর্কতা নিতে হবে। বিপজ্জনক পদার্থ ব্যবহৃত কারখানার ক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত রোগ প্রতিরোধে কঠোর বিধান অনুসরণ বাধ্যতামূলক।

২. নিরাপত্তা বিষয়ক বিধান

শ্রমিকদের নিরাপত্তা এই আইনের অন্যতম মূল বিষয়। আইনে যন্ত্রপাতিতে সুরক্ষা ব্যবস্থা, অগ্নি-নিরাপত্তা এবং ঝুঁকিপূর্ণ কাজের ক্ষেত্রে বিশেষ সতর্কতা গ্রহণের কথা বলা হয়েছে। জরুরি নির্গমন পথ, অগ্নিনির্বাপক সরঞ্জাম এবং প্রাথমিক চিকিৎসা সুবিধা সহজলভ্য রাখতে হবে। শ্রমিকদের নিরাপত্তা প্রশিক্ষণ এবং প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (PPE) প্রদান করা মালিকের দায়িত্ব। তদুপরি, আইনে আইনগত কর্মক্ষম বয়সের নিচে থাকা শিশুদের নির্দিষ্ট ঝুঁকিপূর্ণ প্রক্রিয়ায় নিয়োগ নিষিদ্ধ করা হয়েছে।

৩. কল্যাণমূলক সুবিধা

আইনে শ্রমিকদের কল্যাণের জন্য ধোয়া-মোছার স্থান, গোসলের ব্যবস্থা, ক্যান্টিন, বিশ্রামাগার এবং নারী শ্রমিকদের জন্য (শিশু যত্নকেন্দ্র) প্রতিষ্ঠার কথা বলা হয়েছে। বিশেষ করে নারী শ্রমিকদের কল্যাণ নিশ্চিত করতে এমন কর্মস্থল তৈরির ওপর গুরুত্ব দেওয়া হয়েছে, যেখানে তাদের ব্যক্তিগত ও পারিবারিক মৌলিক প্রয়োজনের ন্যূনতম ব্যবস্থা থাকে।

৪. কর্মঘণ্টা ও ছুটি

এই আইন কর্মঘণ্টা, বিরতির সময় ও সাপ্তাহিক ছুটির বিধান নির্ধারণ করে। সাধারণত কোনো শ্রমিকের দৈনিক কাজ ৮ ঘণ্টা এবং সাপ্তাহিক কাজ ৪৮ ঘণ্টার বেশি হওয়া উচিত নয়। অতিরিক্ত কাজের জন্য অতিরিক্ত মজুরি, বেতনসহ বার্ষিক ছুটি এবং মাতৃত্বকালীন ছুটির বিধানও এখানে অন্তর্ভুক্ত, যা কাজ ও ব্যক্তিজীবনের মধ্যে একটি ভারসাম্য রক্ষায় সহায়তা করে।

৫. অপ্রাপ্তবয়স্ক ও নারী শ্রমিকের নিয়োগ

আইনটি শিশুশ্রম ও অল্পবয়সী শ্রমিক নিয়োগের ক্ষেত্রে কঠোর নিয়ন্ত্রণ আরোপ করেছে এবং ন্যূনতম বয়স ও কর্মঘণ্টা নির্ধারণ করেছে। নারীদের কিছু ঝুঁকিপূর্ণ কাজে নিয়োগ সীমিত করা হয়েছে এবং গর্ভাবস্থায় বিশেষ সুরক্ষা ও সুবিধা প্রদানের বিধান রাখা হয়েছে।

৬. পরিদর্শন ও আইন মেনে চলা

সরকার এই আইন বাস্তবায়নের লক্ষ্যে কারখানা পরিদর্শক নিয়োগ করে। পরিদর্শকদের কারখানায় প্রবেশ, কর্মপরিবেশ পরীক্ষা এবং আইন লঙ্ঘনের ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ বা আইনি শাস্তি আরোপের সুপারিশ করার ক্ষমতা রয়েছে। নিয়োগ, দুর্ঘটনা ও স্বাস্থ্যসুরক্ষা সংক্রান্ত তথ্য-উপাত্ত নথিভুক্ত ও সংরক্ষণ করা মালিকের আইনগত দায়িত্ব।

আইনের প্রভাব

কারখানা আইন, ১৯৬৫ শিল্পক্ষেত্রে সুশৃঙ্খল শ্রমসম্পর্ক, শ্রমিক সুরক্ষা ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। নিরাপদ ও স্বাস্থ্যসম্মত কর্মপরিবেশ নিশ্চিত করার মাধ্যমে এটি পেশাগত দুর্ঘটনা কমায় এবং শ্রমিকদের মনোবল বৃদ্ধি করে। বিশেষ করে তৈরি পোশাক ও টেক্সটাইলের মতো রপ্তিনির্ভর খাতে এ আইন মান্যতা বাংলাদেশের আন্তর্জাতিক ভাবমূর্তি উন্নত করতে সহায়ক। ছোট ও মাঝারি কারখানায় আইন প্রয়োগে এখনও কিছু চ্যালেঞ্জ থাকলেও, সচেতনতা ও নজরদারি বৃদ্ধির ফলে ধীরে ধীরে মেনে চলার মাত্রা বাড়ছে।

কারখানা আইন, ১৯৬৫ বাংলাদেশে শ্রম আইনের একটি মৌলিক ভিত্তি, যা শিল্পোন্নয়ন ও শ্রমিক কল্যাণের মধ্যে ভারসাম্য রক্ষা করে। এটি শ্রমিকদের অনিরাপদ ও অস্বাস্থ্যকর পরিবেশ থেকে সুরক্ষা দেয়, ন্যায্য কর্মঘণ্টা ও কল্যাণমূলক সুবিধা নিশ্চিত করে এবং শিশু ও নারীসহ ঝুঁকিপূর্ণ গোষ্ঠীর নিয়োগ নিয়ন্ত্রণ করে। নিরাপদ, উৎপাদনশীল ও টেকসই শিল্প পরিবেশ গড়ে তুলতে এ আইনের কার্যকর বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

৫. আয়কর আইন, ২০২৩: সারসংক্ষেপ

ওয়েব লিঙ্ক: https://nbr.gov.bd/regulations/acts/income-tax-acts/eng

আয়কর আইন, ২০২৩ একটি আধুনিক ও সর্বসম্মত আইন, যা ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের পরিবর্তে বাংলাদেশ সরকার প্রণয়ন করেছে। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ২২ জুন ২০২৩ তারিখে আইনটি প্রকাশ করে। এ আইনের উদ্দেশ্য হলো দেশের আয়কর ব্যবস্থা সহজ করা, আধুনিকায়ন ও ডিজিটাল রূপ দেওয়া এবং বৈশ্বিক মানদণ্ড অনুযায়ী আর্থিক শাসন ও ট্যাক্স কমপ্লায়েন্স নিশ্চিত করা।

উদ্দেশ্য ও পটভূমি

সংবিধান সংশোধনের মাধ্যমে সামরিক আইনকালীন বিভিন্ন অধ্যাদেশ বাতিল এবং কর আইনকে সমন্বিত ও আধুনিক করার সরকারি সিদ্ধান্তের প্রেক্ষাপটে এ আইন প্রণীত হয়েছে, বিশেষভাবে বাংলায় একটি একীভূত আইন কাঠামো তৈরির লক্ষ্য নিয়ে। প্রস্তাবনায় উল্লেখ আছে, এ আইনের উদ্দেশ্য হলো "কর আরোপের ক্ষেত্র সম্প্রসারণ, আর্থিক শৃঙ্খলা প্রতিষ্ঠা এবং সময়োপযোগীভাবে বিধানসমূহ হালনাগাদ করা।" পূর্ববর্তী আয়কর অধ্যাদেশে আয়কর প্রশাসন, কর নির্ধারণ, করমুক্তি, জরিমানা ও আপিল-সংক্রান্ত যে সব বিষয় ছিল, সেগুলোই এই আইনের আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

গঠন ও প্রয়োগক্ষেত্র

আইনটি একাধিক অংশে বিভক্ত। অংশ-ও (আইন অংশ)-এ ২৫টি অধ্যায় ও ৩৪৫টি ধারা রয়েছে, আর অংশ-ওও (বিধি অংশ) এখনো প্রকাশিত হয়নি। অংশ-ও-এর প্রথম অধ্যায় "প্রারম্ভিক"-এ মূল সংজ্ঞাসমূহ এবং আইনের প্রাধান্য (ধারা ৩) উল্লেখ আছে। এ আইন বাংলাদেশে অর্জিত বা উৎসারিত আয় এবং আবাসিক ব্যক্তির নির্দিষ্ট প্রকার বিদেশী আয়ের ওপর প্রযোজ্য, অর্থাৎ ব্যক্তি ও প্রতিষ্ঠানের আয়ের বিস্তৃত পরিসর এ আইনের আওতায় আসে।

কর প্রশাসন

ধারা ৪-এ আয়কর কর্তৃপক্ষের বিভিন্ন স্তর নির্ধারণ করা হয়েছে– যেমন জাতীয় রাজস্ব বোর্ড, কর কমিশনার, ডেপুটি কমিশনার এবং ট্যাক্স রিকভারি অফিসার–যারা আইন বাস্তবায়ন ও প্রয়োগে দায়িত্বপ্রাপ্ত। এ ধরনের স্তরবিন্যস্ত প্রশাসনিক কাঠামো কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহি ও দক্ষতা নিশ্চিত করে।

আয়ের পরিধি ও হিসাব

ধারা ২৬-এ মোট আয়ের পরিধি নির্ধারণ করা হয়েছে, যাতে বাংলাদেশে অর্জিত, উদ্ভূত বা প্রাপ্ত সমস্ত আয় অন্তর্ভুক্ত। আবাসিক করদাতার ক্ষেত্রে বৈশ্বিক আয় করযোগ্য, আর অনাবাসিকের ক্ষেত্রে শুধুমাত্র বাংলাদেশ উৎসারিত আয় করের আওতায় আসে। ধারা ২৭-এ কোন কোন আয়কে বাংলাদেশে অর্জিত বা উদ্ভূত বলে গণ্য হবে তা ব্যাখ্যা করা হয়েছে যার মধ্যে রয়েছে চাকরি থেকে আয়, ডিভিডেন্ড, রয়্যালটি এবং ডিজিটাল বা ইলেকট্রনিক ব্যবসায়িক লেনদেন থেকে আয়।

ধারা ৩০-এ আয়কে সাতটি শিরোনামে ভাগ করা হয়েছে: (ক) চাকরি, (খ) ভাড়া, (গ) কৃষি, (ঘ) ব্যবসা, (ঙ) মূলধনী মুনাফা, (চ) আর্থিক সম্পদ এবং (ছ) অন্যান্য উৎস। প্রতিটি শিরোনামের জন্য মোট আয়ের হিসাব নির্ণয়ের সময় অনুমোদিত ও অননুমোদিত ব্যয়ের বিষয়টি বিবেচনায় নেওয়া হয়। ব্যবসা থেকে আয়ের ক্ষেত্রে ১২টি দিক অন্তর্ভুক্ত করা হয়েছে– যেমন ব্যবসা থেকে আয়, বিশেষ ক্ষেত্রে আয়, ব্যবসার মুনাফা নির্ণয়, জল্পনামূলক ব্যবসার লাভ নির্ণয়, অনুমোদিত/অননুমোদিত ব্যয়, খারাপ ঋণ সংক্রান্ত অনুমোদিত ব্যয়, সুদ বা মুনাফা সংক্রান্ত বিশেষ হিসাব, সুদের সীমা নির্ধারণ, কর্তনযোগ্য খাতের শর্ত এবং বিশেষ ব্যবসায়িক আয় নির্ণয় ইত্যাদি।

বিশেষ বিধান ও স্বেচ্ছা প্রকাশ

ধারা ২৪ অনুযায়ী নির্দিষ্ট হারে বিশেষ কর প্রদান সাপেক্ষে গোপন আয় বা বিনিয়োগ স্বেচ্ছায় প্রকাশ করা যায়, যা ট্যাক্স কমপ্লায়েন্সে উৎসাহিত করে। ধারা ২৫-এ অষ্টম তফসিলে বর্ণিত বিশেষ হিসাব পদ্ধতি প্রয়োগের বিধান রয়েছে, যা কিছু নির্দিষ্ট শিল্প বা লেনদেনের ক্ষেত্রে প্রযোজ্য।

কর আদায়ের ধাপসমূহ

আয়কর মূলত বার্ষিক আয়কর রিটার্ন দাখিল এবং উৎসে কর কর্তন এর মাধ্যমে আদায় করা হয় (ধারা ৮৬-১৩৯ ও ১৫৩)। বর্তমান আইনে, বার্ষিক রিটার্ন দাখিলের পূর্বে অতিরিক্ত পরিমাণ কর প্রদান হয়ে থাকলে তা সমন্বয়ের সুযোগ আছে; তবে ন্যূনতম কর (ধারা ১৬৩)-সংক্রান্ত কিছু উৎসে করকে চূড়ান্ত কর হিসেবে গণ্য করা হয়েছে। প্রতি অর্থবছরের বাজেটে অর্থ আইন দ্বারা তৃতীয় তফসিলে ঘোষিত কর হারের ভিত্তিতে আয়কর আদায় করা হয়।

রিটার্ন ও আয়ের বিবরণী

ধারা ১৬৫-এ এমন রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা নির্ধারণ করা হয়েছে, যাতে আয়, সম্পদ, দায় এবং ব্যয়ের বিবরণ থাকে। ধারা ১৬৬-এ কারা আয়ের রিটার্ন দাখিল করতে বাধ্য এবং কোন ক্ষেত্রে অব্যাহতি পাওয়া যাবে তা উল্লেখ রয়েছে। ধারা ১৬৭-এ ব্যক্তি, কোম্পানি ইত্যাদি করদাতার শ্রেণি অনুযায়ী রিটার্ন দাখিলের সময়সীমা নির্ধারণ করা হয়েছে। ধারা ১৬৮-এ মূল রিটার্নে ভুল বা ত্রুটি থাকলে সংশোধিত রিটার্ন দাখিলের বিধান রয়েছে।

ধারা ১৬৯-এ রিটার্ন কীভাবে স্বাক্ষর, যাচাই ও প্রমাণীকৃত হবে তা নির্ধারণ করা হয়েছে। ধা রা ১৭০-এ আইনি সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর রিটার্ন দাখিলের শর্তাবলি বর্ণিত। ধারা ১৭১-এ ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ রিটার্ন সংশোধনের পদ্ধতি এবং সংশোধন না করলে সম্ভাব্য পরিণতি উল্লেখ রয়েছে। ধারা ১৭৩-এ প্রতিনিধিত্বকারী করদাতা (যেমন অভিভাবক, ট্রাস্টি ইত্যাদি) কীভাবে রিটার্ন দাখিল করবেন তা নির্ধারণ করা হয়েছে।

ধারা ১৭৪-এ বাংলাদেশ উৎসারিত আয় অর্জনকারী অনাবাসিকদের রিটার্ন দাখিল সম্পর্কিত বিধান আছে। ধারা ১৭৬-এ কর কর্তৃপক্ষের নোটিশের প্রেক্ষিতে রিটার্ন দাখিলের পদ্ধতি উল্লেখ আছে। ধারা ১৭৭-এ কোম্পানি, ফার্ম, হাসপাতাল ইত্যাদি নির্দিষ্ট সত্তার জন্য উৎসে কেটে নেওয়া বা সংগৃহীত কর (TDS/TCS)-এর মাসিক রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে।

করমুক্তি ও করছাড়

আইনে কিছু নির্দিষ্ট খাত ও প্রতিষ্ঠানের জন্য করমুক্তি ও কর ছাড়ের বিধান রয়েছে। ধারা ৮১-এ ষষ্ঠ তফসিলে বর্ণিত শর্তাবলির ভিত্তিতে অনুমোদিত ব্যবসার জন্য কর হলিডে সুবিধা দেওয়া হয়েছে, বিশেষত অগ্রাধিকার খাতের ক্ষেত্রে– যেমন নতুন উৎপাদন শিল্প প্রতিষ্ঠান, আইসিটি সেবা এবং রপ্তানীমুখী শিল্প।

করদাতা নিবন্ধন ও অনুগত্য (ধারা ২৬১-২৬২)

ধারা ২৬১ অনুযায়ী সব করদাতাকে ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নম্বর (TIN) গ্রহণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন বা রিটার্ন দাখিল না করলে স্বয়ংক্রিয় নিবন্ধন এবং বিভিন্ন ধরনের আর্থিক জরিমানার সম্মুখীন হতে হতে পারে।

ধারা ২৬৬-৩২৮-এ আপিল, জরিমানা, বিকল্প বিরোধ নিষ্পত্তি (Alternative Dispute Resolution - ADR), এবং ইলেকট্রনিক ট্যাক্স প্রশাসন-সংক্রান্ত শাসনব্যবস্থা বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে।

গুরুত্ব ও তাৎপর্য

আয়কর আইন, ২০২৩ বাংলাদেশের করব্যবস্থাকে ডিজিটাল, স্বচ্ছ ও ন্যায্য ভিত্তির ওপর পুনর্গঠন করার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এ আইনে স্পষ্ট সংজ্ঞা, করদাতার অধিকার ও দায়িত্বের বিধান, কর আহরণের ক্ষেত্র বিস্তৃতকরণ এবং প্রয়োগ ও তদারকি ব্যবস্থার শক্তিশালীকরণ করা হয়েছে। ১৯৮৪ সালের অধ্যাদেশের পরিবর্তে এ আইন প্রণীত হওয়ার মাধ্যমে আধুনিক ব্যবসায়িক কমপ্লায়েন্স, আন্তর্জাতিক করনীতি এবং বাংলাদেশের সামগ্রিক উন্নয়ন-দৃষ্টিভঙ্গির সঙ্গে আয়কর কাঠামোকে সামঞ্জস্যপূর্ণ করা সম্ভব হয়েছে।

৬। আয়কর আইন ২০২৩-এ ট্যাক্স হলিডে: সারসংক্ষেপ (বাংলা সংস্করণ)

ওয়েব লিঙ্ক: https://nbr.gov.bd/regulations/acts/income-tax-acts/eng

বাংলাদেশের আয়কর আইন ২০২৩-এর ষষ্ঠ তফসিলে (Schedule 6) নির্দিষ্ট খাত ও অঞ্চলে বিনিয়োগ উৎসাহিত করার জন্য ট্যাক্স হলিডে সুবিধা রাখা হয়েছে। এর মাধ্যমে শিল্পায়ন ত্বরান্বিত করা, কর্মসংস্থান সৃষ্টি, অর্থনৈতিক প্রবৃদ্ধি বৃদ্ধি এবং দেশি-বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করাই মূল লক্ষ্য।

ট্যাক্স হলিডের জন্য যোগ্য খাতসমূহ

মোট ৩৫টি খাত ও শিল্প ট্যাক্স হলিডের জন্য যোগ্য হিসেবে তালিকাভুক্ত হয়েছে। এগুলো হলো–

১) সক্রিয় ঔষধ উপাদান (Active Pharmaceuticals Ingredient – API) এবং Radio Pharmaceuticals
২) কৃষি যন্ত্রপাতি
৩) স্বয়ংক্রিয় ইট উৎপাদন (Automatic Bricks)
৪) গাড়ি উৎপাদন (Automobiles)
৫) বাধা প্রদান করে জন্ম নিরোধক (Barrier Contraceptive) এবং Rubber Latex
৬) ইলেকট্রনিক্সের মৌলিক উপাদান (যেমন: রেজিস্টর, ক্যাপাসিটর, ট্রানজিস্টর, ইন্টিগ্রেটেড সার্কিট, মাল্টিলেয়ার PCB ইত্যাদি)
৭) বাইসাইকেল ও এর যন্ত্রাংশ
৮) জৈব-সার
৯) বায়োটেকনোলজি-ভিত্তিক কৃষিজ পণ্য / কৃষি-উৎপাদ
১০) বয়লার, বয়লারের যন্ত্রাংশ ও সরঞ্জাম
১১) কম্প্রেসর ও এর যন্ত্রাংশ
১২) কম্পিউটার হার্ডওয়্যার
১৩) আসবাবপত্র উৎপাদন
১৪) হোম অ্যাপ্লায়েন্স (যেমন: ব্লেন্ডার, রাইস কুকার, মাইক্রোওয়েভ ওভেন, ইলেকট্রিক ওভেন, ওয়াশিং মেশিন, ইন্ডাকশন কুকার, ওয়াটার ফিল্টার ইত্যাদি)
১৫) কীটনাশক
১৬) চামড়া ও চামড়াজাত পণ্য
১৭) এলইডি টিভি (LED TV)
১৮) স্থানীয় ফল ও সবজি প্রক্রিয়াজাতকরণ
১৯) মোবাইল ফোন (হ্যান্ডসেট) উৎপাদন
২০) পেট্রোকেমিক্যালস
২১) ফার্মাসিউটিক্যালস / ঔষধশিল্প
২২) প্লাস্টিক রিসাইক্লিং
২৩) টেক্সটাইল মেশিনারি
২৪) টিস্যু গ্রাফটিং
২৫) খেলনা উৎপাদন
২৬) টায়ার উৎপাদন
২৭) ইলেকট্রিক্যাল ট্রান্সফরমার
২৮) কৃত্রিম আঁশ বা মানবসৃষ্ট আঁশ উৎপাদন
২৯) অটোমোবাইল যন্ত্রাংশ ও কম্পোনেন্ট উৎপাদন
৩০) অটোমেশন ও রোবটিক্স ডিজাইন, উৎপাদন, এবং সংশ্লিষ্ট যন্ত্রাংশ ও কম্পোনেন্ট
৩১) কৃত্রিম বুদ্ধিমত্তা (AI)-ভিত্তিক সিস্টেম ডিজাইন এবং/অথবা উৎপাদন
৩২) ন্যানোটেকনোলজি-ভিত্তিক পণ্য উৎপাদন
৩৩) বিমান হেভি মেইনটেন্যান্স সার্ভিসেস, যন্ত্রাংশ উৎপাদনসহ
৩৪) স্থানীয় ফল ও সবজি প্রক্রিয়াজাতকরণ (পুনরাবৃত্ত)
৩৫) টিস্যু গ্রাফটিং (পুনরাবৃত্ত)

অবস্থান ও সময়কাল

১. ঢাকা ও চট্টগ্রাম অঞ্চলে (শহর এলাকা ব্যতীত) অবস্থিত শিল্পপ্রতিষ্ঠান:

- বাণিজ্যিক উৎপাদন শুরুর তারিখ থেকে পরপর ৫ (পাঁচ) বছর ট্যাক্স হলিডে সুবিধা।
- প্রথম বছরে ৯০% পর্যন্ত করমুক্তি,
- ধাপে ধাপে কমে পঞ্চম বছরে ২৫% করমুক্তি পর্যন্ত নেমে আসবে।

২. ঢাকা, চট্টগ্রাম ও পার্বত্য জেলাসমূহ ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত শিল্পপ্রতিষ্ঠান:

- বাণিজ্যিক উৎপাদন শুরুর তারিখ থেকে পরপর ১০ (দশ) বছর ট্যাক্স হলিডে সুবিধা।
- প্রথম দুই বছরে ৯০% পর্যন্ত করমুক্তি,
- স্ল্যাবভিত্তিক হারে ক্রমান্বয়ে কমে দশম বছরে ২৫% করমুক্তি থাকবে।

ফিজিক্যাল ইনফ্রাস্ট্রাকচারে বিনিয়োগের জন্য ট্যাক্স হলিডে

আইন অনুযায়ী চৌদ্দ (১৪) ধরনের-এ বিনিয়োগের ক্ষেত্রেও ট্যাক্স হলিডে সুবিধা প্রযোজ্য। এসব অবকাঠামো হলো–

ফিজিক্যাল ইনফ্রাস্ট্রাকচার খাত (১৪ ধরনের)

১. গভীর সমুদ্রবন্দর
২. সমুদ্রবন্দর
৩. নদীবন্দর
৪. উড়াল সেতু এক্সপ্রেসওয়ে
৫. রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা
৬. ফ্লাইওভার
৭. টোল সড়ক ও টোল ব্রিজ
৮. গ্যাস পাইপলাইন অবকাঠামো
৯. আইসিটি পার্ক
১০. হাইটেক পার্ক
১১. পানি পরিশোধন প্লান্ট
১২. পানি ও স্যুয়ারেজ ব্যবস্থাপনা লাইন
১৩. এলএনজি-সংশ্লিষ্ট স্থাপনা
১৪. মোনোরেল ও সাবওয়ে রেল

এ ধরনের ফিজিক্যাল ইনফ্রাস্ট্রাকচারে বিনিয়োগের ক্ষেত্রে–

- পরপর ১০ (দশ) বছর ট্যাক্স হলিডে সুবিধা দেওয়া হবে
- প্রথম দুই বছরে ৯০% করমুক্তি
- ধাপে ধাপে স্ল্যাবভিত্তিক হারে কমে দশম বছরে ২৫% করমুক্তি পর্যন্ত নেমে আসবে

পরিশিষ্ট

পরিশিষ্ট ১:
প্রসেস ম্যাপের প্রতীকের ব্যাখ্যা




প্রান্তিক নির্দেশক
(শুরু/সমাপ্ত)




প্রক্রিয়া



নথিপত্র



সিদ্ধান্ত



নথিপত্রের অনুলিপি



প্রস্তুতি



হাতে করা ইনপুট



হাতে পরিচালনা



একমুখী প্রক্রিয়া



উভয়মুখী প্রক্রিয়া





পূর্বনির্ধারিত প্রক্রিয়া

পরিশিষ্ট ২:
সুপারিশমালা ও মন্তব্য ফরম

এ গাইডের পাঠকগণ এখানে তাদের সুপারিশ ও মন্তব্য প্রদান করতে পারে

১। এ গাইডের কোন অংশ আপনার কাছে বেশি প্রাসঙ্গিক মনে হয়?

২। এ গাইডের কোন অংশ আপনার কাছে কম প্রাসঙ্গিক মনে হয়?

৩। এ গাইডে আর কি কি সন্নিবেশ করা যেতে পারে?

নাম: ---

কোম্পানির নাম: ---

পদবী:---

ঠিকানা:---

ফোন: ---ফ্যাক্স:---

ই-মেইল:---ওয়েবসাইট:---

পূরণ করা ফরমটি নিম্নোক্ত ঠিকানায় প্রেরণ করুন

বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট
ডিসিসিআই বিল্ডিং (১০ম তলা), ৬৫-৬৬ মতিঝিল বা/এ
ঢাকা-১০০০, বাংলাদেশ। ফোন: +৮৮-০২-৯৫৬৯৯৬১
ই-মেইল: info@buildbd.org , ceo@buildbd.org
ওয়েবসাইটঃ www.buildbd.org

ISBN 978-984-33-7307-6



International Labour Organization

ILO Country Office for Bangladesh

PPD Secretariat Office Complex, Block F
Plot-17/B&C, Agargaon, Sher-e-Bangla Nagar
Dhaka-1207, Bangladesh
+880 9678 777 456-7
DHAKA@ilo.org
ilo.org/Bangladesh

BUILD
dialogue • research • advocacy
Business Initiative Leading Development

9th Floor, DCCI Building
65-66 Motijheel C/A
Dhaka-1000, Bangladesh
+880 1675 481 544
+880 1673 339 062
info@buildbd.org
www.buildbd.org
facebook.com/buildbdorg
flickr.com/buildbd